তস্য শিরসি নটনং কথমাসীদিত্যপেক্ষয়ামাহ—সপরীত্যাদি। কিন্তু তত্রান্বয়স্ত্বেবমেব—হে শ্রীশ! ত্বং স্ফুর প্রকাশমানো ভবেত্যর্থঃ। কীদৃশঃ সন্—স পরীতি। স-পরিকরস্য সপরিবারস্য আগস্কর খর নাগস্য বৃন্দাবন জন্তুহিংসা লক্ষণাপরাধকর তীক্ষ্ণ পন্নগস্য প্রবসনায় নিঃসারণায় যো রাগো মাৎসর্য্যং তেন হেতুনা শ্রিতো হ্রদস্য ভাগ একদেশো যেন। 'ভাগো রূপার্দ্ধকে প্রোক্তো ভাগধেয়ৈকদেশয়ো' রিতি বিশ্বঃ। 'রাগস্তু মাৎসর্য্যে লোহিতাদিষ্বিতি, 'ভবেৎ পরিকরঃ সজ্যে পর্য্যঙ্ক পরিবারয়োরিতি, 'খরঃ স্যাত্তীক্ষ্ণ ধর্ম্ময়ো' রিতি চ মেদিনী। প্রবলঃ স্বতনু-প্রথনেন সর্পবন্ধন-নিঃসারণ পূর্ব্বক তন্মস্তকারোহণরূপো বিলাসো যস্য। তন্নিঃসারণমাহ কৃতেতি। অনেন তৎপত্নীস্তুতিরপি ধ্বনিতা, তৎপূর্বাঙ্গত্বাৎ। 'মৃদুহাস' ইত্যনেন হ্রদান্নিঃসৃত্য স্বপরিবার-সহিত-মিলনং ধ্বনিতং। অথ ততো গৃহগমন লীলামাহ—শ্রিতেতি। শ্রীশেত্যস্য চ কশ্চিদ্ বিশেষঃ। শ্রীরত্র কুরুক্ষেত্র গত ষোড়শ সহস্র মহিষী বাক্যেন স্বৈনৈব নির্নীতা শ্রীগান্ধর্বৈব, তস্যা শ্চোদ্দেশঃ শ্রীগোপালচম্পূবর্ণিত কালিয় দমন-দিবসীয় তৎ পূর্ব্বরাগা-বির্ভাব-সূচনার্থমিতি ॥ ১৮

অথ তদ্দিনীয় দব-নির্বাপন লীলামাহ-জলমিতি। অত্রামন্ত্রণপদং পূর্বত আকৃষ্যং। হে শ্রীশ! তং ভবন্তং ভজামি। তং কং যেন ভবতা জল মনু অনুলক্ষীকৃত্য বিষবহ্নিঃ সুষ্ঠু নির্বর্ণ্য নির্বাপ্য তর্হি তদা স্থলমনু বনবহ্নি র্নির্বাপ্যতে স্ম নির্বাপিতঃ। চকারার্থেঽত্রাপিকারঃ। যেন গোষ্ঠং চ দৃষ্ট্যা অমৃতসিক্তং রচিতং কৃতং। কীদৃক্ তৎ—তয়ো র্বিষবহ্নি-বনবহ্ন্যোরুভয়েন কৃতো দাহো যস্য। অত্র 'দাহ' শব্দেন তত্তৎ সন্নিহিততয়া তত্তজ্জন্য

বৃন্দাবন পশু বৃন্দাবন সুখ
সন্দানিত' শুভ কন্দাশয় জয় ॥ বীর ॥ ২০

(৫)

ধেনূনাং পরিরক্ষণায় বিহরন্ ধিন্বন্ স্ববন্ধূন্ বধং
কুর্ব্বন্ ধেনুকরাক্ষসস্য বিদধদ্ধামাগতিং চ ক্রমাৎ।
ষষ্ঠেঽব্দেঽপি মুখাদি-সৌষ্ঠব-রুচা কৈশোর-জুষ্টশ্রিয়ং
পুষ্টীকৃত্য দৃশাং হরে বরদৃশাং ধিন্বন্ গতিং নন্দসি ॥ ২১
[উৎপলম্]

বল্লভ নর্ত্তন মল্লভ বর্ত্তন
বিল্বফলাদিক মিল্লসিতাধিক।
পশ্বনুকৃদ্দ্রবদশ্বসমদ্রব
বল্লদনর্গল বর্গনিরর্গল

তাপানুভবমাত্রং জ্ঞেয়ম্। আঙ্মেতি আঙ্ স্মরণে, স চ পূর্বার্দ্ধং বর্ণয়তো গ্রন্থকর্ত্তু র্মূর্চ্ছিতত্বাদ্ বিস্মৃতস্যোত্তরার্দ্ধস্য পশ্চাৎ স্মরণং জাতমিত্যর্থবোধকঃ। স্ম প্রসিদ্ধে। 'আঙ্ দাননিশ্চয় স্মৃত্যো' রিতি মেদিনী। ১৯

অথ বৃন্দাবনে পশু চারণ-লীলামাহ—বৃন্দেতি। হে বীর! ত্বং জয়। বৃন্দাবনে পশুবৃন্দস্য গোসমূহস্যাবনেন রক্ষণেন হেতুনা যানি সুখানি তৈঃ সন্দানিতো যুক্তঃ। স্বয়ন্তু শুভকন্দানাং মঙ্গলমূলানামাশয়ঃ আধারঃ। "আশয়ঃ স্যাদভিপ্রায়ে পনসাধারয়োরপীতি" মেদিনী॥ ২০

অথ মধুবন-গোচারণ-ধেনুকবধাদি-লীলামাহ—ধেনূনামিতি। অন্বয়স্তু স্পষ্টঃ। তত্র বরদৃশাং ব্রজসুন্দরীণাং দৃশাং গতিং ধিন্বন্নিত্যনুষঙ্গঃ॥ ২১

অথ সখিসহিত নর্ত্তনাদিলীলামাহ—বল্লভেতি। বল্লভং সর্ব্বেষাং প্রিয়ং নর্ত্তনং যস্য। মল্লস্যেব ভা শোভা যত্র তাদৃশং বর্ত্তনং যস্য। বিল্বফলাদিকস্য মিতা প্রক্ষেপণেন লসিতাধিকং বিলাসাদিকং যস্য। ডু মিঞ প্রক্ষেপণে ভাব ক্বিবন্তঃ। পশ্বনুকৃৎ পশূন্ বৃষাদীননুকরোতীতি ক্বিপ্। দ্রবদশ্বস্য ধাবত্তুরঙ্গস্য সমং তুল্যং ধাবনং যস্য। বল্লতাং কুর্দতামনর্গলবর্গে নিরর্গলো

পূর্ব্বজহারক ধূর্ব্বণকারক
বৃদ্ধদবক্ষয় কৃদ্ধয় কৃদ্দয় ॥ ধীর ॥ ২২
সা সখিভি স্তব লীলা স্পর্দ্ধাবদ্ধেব বুধ্যতে দেব।
তস্যাং তব দব-পানং ব্যনক্তি তেষাং সুখায় তাং সর্ব্বাং ॥ ২৩
মাধবাভিন্ন ভুষ্মতামিন্ন।
বারিদাসক্ত কালতারক্ত।
শারদাগণ্য লীলয়াপণ্য।
চিত্র হেমন্ত শোভয়ানন্ত ॥ বীর ॥ ২৪

নিষ্ণাতঃ। অত্রানর্গলত্বস্য বল্লবংসু পর্য্যাপ্তি র্বোধ্যা। দাসীনাং সুকুমারাণাং দ্বে শতে সমলঙ্কৃতে ইতিবৎ। পূর্বজহারকস্য প্রলম্বস্য ধূর্বণং হিংসনং কারয়তীতি তথা। বৃদ্ধস্য বৃদ্ধিং প্রাপ্তস্য দবস্য বনাগ্নেঃ ক্ষয়কৃৎ যো ধয়ঃ পানং তং করোতীতি তথা। ধেট্ পানে। হে দয় পালক, দেঙ্ পালনে। হে ধীর ॥ বল্লভেত্যাদ্যামন্ত্রণ পদানাং সেত্যাদিনান্বয়ঃ ॥ ২২

হে দেব! সা যুদ্ধাদিনা প্রসিদ্ধা সখিভিঃ সাকং তব লীলা স্পর্দ্ধয়া ঈর্ষয়া বদ্ধেব বুধ্যতে, কিন্তু তস্যাং লীলায়াং যত্তব দবপানং তত্তাং সর্ব্বাং লীলাং তেষাং সখীনাং সুখায় ব্যনক্তি। ২৩

অথ নৈদাঘলীলামাহ—মাধবেতি। মাধবাৎ বসন্তাদভিন্ন ইবাচরন্ যঃ উষ্মঃ তস্য ভাব স্তত্তা তয়া মিন্নঃ স্নিগ্ধঃ। তত্তাপেন ন তপ্ত ইত্যর্থঃ। ঞিমিদা স্নেহনে ক্তান্তঃ। 'মাধবোজে মধৌ রাধে' ইতি মেদিনী, 'নিদাঘ উষ্মোপগমঃ উষ্ম উষ্মাগমস্তপ' ইত্যমরঃ। অথ প্রাবৃষেণ্যলীলামাহ—বারিদেতি—বারিদৈ র্মেঘৈরাসক্ত আলিঙ্গিতো যঃ কাল স্তস্য ভাব স্তত্তা তস্যাং রক্তোঽনুরক্তঃ। 'রক্তোনুরক্তে নীল্যাদিরঞ্জিতে লোহিতে ত্রিষ্বিতি' মেদিনী। অথ শারদলীলামাহ—শরদি কৃতা শারদী অগণ্যা গণয়িতুমশক্যা সা চ সা চ পুনঃ সা চাসৌ লীলা চেতি তয়া পণ্যঃ স্তত্যঃ। পণ ব্যবহারে স্তুতৌ চ। অথ হেমন্তলীলা মাহ—চিত্রেতি। চিত্র হেমন্ত শোভয়া অনন্তঃ ন অন্তো বধি র্যস্য। সম স্তস্যা সমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতি রিত্যনেনাত্র সঙ্গতি র্জ্ঞেয়া। হেমন্তে অদ্ভুতামিতশোভ ইত্যর্থঃ। হে বীর ॥ ২৪

পাবিকারব্ধ কাকলীলব্ধ

মোদজীবস্থ ক্ষোভিতপ্রস্থ ॥ বীর ॥ ২৫

(৬)

মুহুর্মুহুরপি স্ফুরদ্‌বিভবমাত্মবেণুক্বণং

বিলক্ষণতয়া দধৎ পরম-শিক্ষয়া স্বীয়য়া।

সচেতনমচেতনং বিচলিতং মিথঃ সন্দধে

ভবানিতি পুরা কথং ভবতি যৌবতং বাচিতম্ ॥ তুরঙ্গঃ ॥২৬

অথ ব্রজদেবী বর্ণিত বেণুগীতমাহ—পাবিকেতি। পাবিকয়া বেণু বিশেষণারব্ধা প্রকটিতা যা কাকলী সূক্ষ্ম মধুরাস্ফুটধ্বনি স্তয়া লব্ধো মোদো হর্ষো যৈ স্তে চ জীবাশ্চেতি তেষু তিষ্ঠতীতি তথা। বেণ্বাকৃষ্ট মৃগাদিবেষ্টিত ইত্যাশয়ঃ। 'কাকলী তু কলে সূক্ষ্মে' ইত্যমরঃ। পাবিকা লক্ষণন্তু রসামৃতসিন্ধৌ দৃশ্যং [তত্রাপ্যন্যদ্ বিশেষমাহ—ক্ষোভিতেতি। ক্ষোভিতাঃ দ্রাবিতাঃ প্রস্থাঃ সানবো যেন। দ্রাবণে হেতুস্তু পূর্বোক্ত এব জ্ঞেয়ঃ] হে বীর। অন্বয়স্তু পূর্ব্ববৎ পরেণ সহ জ্ঞেয়ঃ। ধন্যাদি সহিত নিত্য কান্তা-নন্দদয়িত-বোধনার্থং বেণুগীতস্য ব্যতিক্রমেণ বর্ণনং বোধ্যং। ২৫

তামেব বিশেষণ বর্ণয়তি—মুহুরিতি। ভবান্ সচেতনমচেতনং চ বস্তু বিচলিতং স্ব স্ব ধর্ম্মরহিতং স্ব স্ব ধর্ম্মপরিবর্ত্তিতং বা একীভূতং বা যথা স্যাত্তথা মিথঃ সন্দধে মেলয়ামাস। কিং কুর্ব্বন্—স্বীয়য়া বিলক্ষণতয়া পরম-শিক্ষয়া মুহুর্মুহুরপি বারং বারমপি যথা স্যাত্তথা আত্মবেণুক্বণং দধৎ পুষ্যন্ কুর্ব্বন্নিত্যর্থঃ। হেতৌ শতৃপ্রত্যয়ঃ। কীদৃশং তং—স্ফুরন্ প্রকাশমানঃ স্বতঃ সিদ্ধ বস্তুধর্ম্ম পরিবৃত্তিকারক-রূপো বিভবঃ প্রভাবো যস্য ইতি হেতোঃ পুরা তত্তৎসন্ধেঃ পূর্বতো যৌবতং যুবতি-সমূহং বা-কারঃ ইবার্থে কথমিব অচিতং ন ছন্নং ব্যাকুলমিতি যাবৎ ভবতি ছন্নং ভবত্যে-বেত্যর্থঃ। 'চিতং ছন্নে' ইতি মেদিনী। 'অ-মা-ন-নো-নানিষেধে' ইত্যমরঃ ॥ ২৬

ইন্দ্রকমখকৃতি খণ্ডন। সুন্দরগিরিসব-মণ্ডন ॥
বন্ধুরপরতনু সঞ্জন। বন্ধুনিকর মদ রঞ্জন ॥
* অঞ্জিতগিরিপরিতঃক্রম। সঞ্চিত নিজজন সম্ভ্রম ॥
অঙ্গবলিত নিজমন্দির। সঙ্গমিলিত লসদিন্দির ॥
ভঙ্গুর হৃদয় পুরন্দর। ভঙ্গদ বিলসিত সুন্দর ॥
উন্নতগিরি-সমুদঞ্চক। নুন্নজলদবিষ-বঞ্চক ॥

অথ গোবর্দ্ধনোৎসবাদিলীলামাহ—ইন্দ্রেতি। ইন্দ্রস্য কং সুখং যতঃ তস্য মখস্য যজ্ঞস্য কৃতি র্যত্নঃ উদ্যম ইতি যাবৎ তাং খণ্ডয়তীতি নন্দ্যাদে র্ল্যুঃ। এবমগ্রেঽপি ॥ সুন্দরং যথা স্যাত্তথা গিরেঃ সবং যজ্ঞং মণ্ডয়তি ভূষয়তীতি তথা। বন্ধুরা রম্যাঃ পরাঃ শ্রেষ্ঠা স্তনবো যেষাং যাসাং বা তৈ স্তাভি র্বা সহ সঞ্জনং যাত্রাসংঘট্টনাদালিঙ্গনং যস্য 'বন্ধুর-বন্ধুরৌ রম্যে' ইতি বিশ্বঃ। বন্ধুনিকর মদং হর্ষং রঞ্জয়তি প্রকাশয়তীতি তথা। 'মদো রেতসি কস্তূর্য্যাং গর্বে হর্ষেভদানয়োরিতি' মেদিনী ॥ অঞ্জিতঃ ব্যক্তীভূতঃ যো গিরিঃ তস্য পরিতঃ ক্রমো যেন। অত্র পরিত ইত্যস্য সমাসমধ্যপাতিতয়াঽপ্রাধান্যাত্তদ্‌যোগেণ দ্বিতীয়া। সঞ্চিতঃ পুঞ্জীকৃতঃ নিজজন-সংভ্রমো যেন। পূজানন্তরং গৃহগমনমাহ—অঙ্গেতি। অঙ্গেন গাত্রেণ স্বয়মিত্যর্থঃ বলিতং প্রাপ্তং মন্দিরং যেন। 'অঙ্গং গাত্রে প্রতীকোপায়য়োঃ পুং ভূম্নি নীবৃতীতি মেদিনী। তত্র তচ্ছোভামাহ—সঙ্গেতি। সঙ্গেন নিজ পরিকরাণাং মিলনেন মিলিতা প্রাপ্তা লসদিন্দিরা দেদীপ্যমানা শোভা যত্র। ইন্দিরা লোকমাতা রমেতি ধরণিঃ। তত্রেন্দ্রকৃত-বৃষ্ট্যাদিকং সূচয়তি—ভঙ্গুরেতি। ভঙ্গুরং স্বয়মেব ক্রুট্যৎ হৃদয়ং যস্য স চাসৌ পুরন্দরশ্চেতি তস্য ভঙ্গদং যদ্ বিলসিতং তেন সুন্দর। এতেনেন্দ্রকৃত বৃষ্টিমনাদৃত্য শ্রীগোবর্দ্ধনোদ্ধরণায় তস্য গমনং ধ্বনিতং। তদেবাহ উন্নতেতি। উন্নত গিরেঃ উচ্চপর্ব্বতস্য সমুদঞ্চকঃ সম্যগুদ্ধারকঃ বামপাণি-কনিষ্ঠাঙ্গুল্যুপরিধারক ইত্যর্থঃ। নুন্ন জলদানাং ইন্দ্র প্রেরিত—মেঘানাং বিষাণি তোয়ানি বঞ্চয়তি গিরিধারণেন বারয়তীতি তথা। 'বিষং তু গরলে তোয়ে'—ইতি বিশ্বঃ। অথ শ্রীগো বিন্দা-

---

* অঞ্চিত

কিঞ্চ সুরপনতিসৎকৃপ। সিঞ্চদমরগণ-সন্নৃপ ॥ ধীর ॥২৭

পিত্রাত্থং স্বাভিবাত্থং কুলমমরপতে র্যাজকং তেন তত্রা-
বজ্ঞাতং চাবমৃশ্য প্রতিহত-সহন স্তস্য যজ্ঞং বিলুম্পন্।
তদ্বৃষ্টিং ক্লিষ্ট-সৃষ্টিং দৃশি বিদধদলব্ধাদ্রিমপ্যগ্রহস্তে
য স্তং নঃ শস্তমব্যাদ্ ব্রজজন-শরণং স স্বয়ং তত্র তত্র ॥ ২৮

দিবিজাভিষেক কলিতাতিরেক
সুখসাদতীব কৃতসাগজীব ॥ বীর ॥ ২৯

ভিষেকং বর্ণয়তি—কিঞ্চেতি। কিঞ্চ অন্যদারভ্যতে ইত্যর্থঃ। সুরপস্যেন্দ্রস্য নত্যা তদুপলক্ষিত স্তুতি সহিত নমস্কারেণ সতী তদ্দোষক্ষমা পূর্ব্বক তদাধিকারদাপিনী কৃপা যস্য। অত্র বিভক্তি-বিপরিণামেন তং প্রতি কৃপেতি জ্ঞেয়ং। সিঞ্চতামভিষিঞ্চতামমরগণানাং সন্নৃপঃ তদাগঃ ক্ষান্তত্বাৎ সাধুনৃপঃ। তৈরভিষিক্তো নৃপত্বেনেত্যাশয়ঃ॥ অত্র চ ভামা সত্যভামেতিবৎ অভ্যুপসর্গোঽভ্যুপগন্তব্যঃ। হে ধীর ॥ অন্বয়স্তু পূর্ব্ববৎ ॥ ২৭

অথ সর্ব্বপালকতয়া দেবাভিষিক্তস্য তস্যাতিসামর্থ্যমবেত্য ঔৎসুকেনাশিষয়তি—পিত্রেতি। স তত্র তাদৃগ্বৃষ্টৌ অসুরকৃত-বিপত্তৌ চ ব্রজজন শরণং নোঽস্মাকং শস্তং মঙ্গলমব্যাৎ, স্বয়ং ন তু অবতারাদিনা। যদ্বা তত্র তত্র নোঽস্মান্ শস্তং যথা স্যাত্তথা অব্যাৎ, অন্যৎ সমানং। স কঃ—য স্তং প্রসিদ্ধমদ্রিমপি অগ্রহস্তে হস্তাগ্রেঽলব্ধ প্রাপিতবান্। কিং কৃত্বা কিং কুর্বন্ স্বাভিবাত্থং স্বস্যাভিবাদনার্হং পিত্রাত্থং কুলং সুরপতেরিন্দ্রস্য যাজকমবমৃশ্য বিচার্য্য, তেন সুরপতিনা তচ্চাবজ্ঞাতমবমৃশ্য (অবজ্ঞাত্র স্বস্য পশ্যতঃ ততঃ পূজাগ্রহণং) প্রতিহতসহনঃ প্রতিহতং নষ্টং সহনং যস্য অসহিষ্ণুঃ সন্নিত্যর্থঃ। তস্য সুরপতে র্যজ্ঞং বিলুম্পন্ [লুপ্ ছেদনে] নাশয়ন্ তদ্বৃষ্টিং তেন কৃতাং বর্ষাং দৃশি বিদধৎ কুর্বন্ পশ্যন্নিত্যর্থঃ। কীদৃশীং তাং ক্লিষ্ট সৃষ্টিং ক্লিষ্টস্য ক্লেশস্য সৃষ্টি র্যত্র। ভাবে ক্তঃ ॥ ২৮

পূর্ব্বোক্তমেব বিশদয়তি দিবীতি। দিবিজাভিষেকেণ দেবকর্তৃকাভিষেকেণ কলিতঃ প্রকটিতোঽতিরেকঃ অত্যুৎকর্ষো যেন। তদেবাহ—সুখেতি। অতীব সুখসাৎ অতিশয়-সুখরূপাঃ কৃতাঃ সাগাঃ সস্থাবরাঃ জীবা যেন।

(৭)

ত্বমমরপতিভিঃ সিক্তঃ সমজনি সত্ত্বং সমস্তমুৎসিক্তং।
যত্র পরস্পরমন্তঃ স্নিগ্ধীভাবান্মুদা দিগ্ধম্ ॥ ৩০ [গুণরতিঃ]

বরুণাহৃতপিতৃ করুণাতদবিতৃ
চরিতার্চ্চিতগুণ সরিতা সুনিপুণ।
তদুপাহৃতচর সদুপায়নবর
সহিতাগতিকর সহিতাঞ্চিততর
জনকাদবগত জন কামদতত
বিভয়াক্রমধর বিভবাস্পদতর

অত্র 'সাতিনা' তদ্রূপত্বমেবাবগম্যং। যথা ঘৃতমগ্নিসাৎ করোতীত্যত্র অগ্নি-পতিতস্য তস্য তদ্রূপত্বং তদ্বৎ। হে বীর ; অন্বয়স্তু পূর্ব্ববৎ ॥ ২৯

তত্র বিশেষমাহ—ত্বমিতি। অমর-পতিভি স্ত্বমভিষিক্তোঽভূঃ। সত্ত্বং জন্তুমাত্রং উৎসিক্তং উচ্চৈরার্দ্রং সমজনি আসীৎ। যত্র সত্ত্বৈঃ স্নিগ্ধীভাবাৎ [অভূততদ্ভাবে চ্বিঃ] নিসর্গবৈরিতয়া নৃমৃগাদীনাং যঃ স্নেহো নাসীৎ, স আসীত্তস্মাদিত্যর্থঃ। অন্তঃ অন্তঃকরণং মুদা প্রীত্যা দিগ্ধং লিপ্তং ব্যাপ্তমিত্যর্থঃ। 'সত্ত্বং গুণে পিশাচাদৌ বলে দ্রব্য স্বভাবয়োঃ। আত্মত্বে ব্যবসায়ে চ চিত্তে প্রাণেষু জন্তুষ্বিতি' বিশ্বঃ ॥ 'দিগ্ধো বিষাক্তবাণে স্যাৎ পুংসি লিপ্তেঽন্য-লিঙ্গকে' ইতি মেদিনী ॥ ৩০

অথ শ্রীনন্দাহরণ গোপ-সংকল্পিত ব্রহ্মহ্রদগত-স্বধামদর্শন-লীলামাহ—বরুণেতি। বরুণেন বরুণচরেণ হৃতে পিতরি যা করুণা তয়া হেতুনা তত্তস্য পিতুরবিতৃ যচ্চরিতং তেন অর্চ্চিতো 'দীপো গীতামধ্যাপয়তীতিবৎ' কর্ত্তৃত্বা-রোপাৎ যতো গুণসরিতাসু ভক্তবাৎসল্যাদি গুণনদীষু নিপুণ স্তদাধারভূত সমুদ্র ইত্যর্থঃ। যথা শাস্ত্রেষ্বয়ং নিপুণ ইত্যুচ্যমানে তদাধার এব জ্ঞায়তে তদ্বৎ। দিশা দিগিতিবৎ সরিচ্ছব্দাৎ পাক্ষিকটাপ্। তত্তেন বরুণেন উপাহৃত চরাণি (ভূতপূর্ব্বে চরট্) প্রথমমুপহারীকৃতানি যানি সদুপায়নবরাণি সমীচীন-শ্রেষ্ঠ পূজনযোগ্য-বস্তূনি তৈঃ সহিতাং গতিং করোতীতি তথা। সহিতং স্বেন সহাঞ্চিততরোঽতিশয়েন পূজিতো যো জনক স্ততোঽবগতা

নয়নাম্বয়কৃতি নয়নাম্বয়ভৃতি
বলিতাঞ্চিতপদ কলিতাখিলমদ ॥ বীর ॥ ৩১
তরুণারুণকঞ্জলোচনং বরুণাহৃত তাত মোচনম্ ।
নিজলোকবিলোকমাশ্রয়ে নিজলোকদৃশস্তমাশ্রয়ে ॥ ৩২
রঙ্গদ হৈমন সঙ্গশনৈস্তন
বস্ত্রধৃতক্রম শস্ত্রহৃতক্লম ।

স্তদুক্তবরুণৈশ্বর্য্য-জ্ঞাতা যে তে চ তে জনা গোপা শ্চেতি তেষাং কামদঃ স্বধামদর্শনলক্ষণ বাঞ্ছিত-পূরকঃ। ততং বিস্তৃতং চ তৎ বিভয়ং ভয়রহিতং চ। [তৎপর্য্যন্তং ক্রমঃ পাদবিন্যাসো গমনমিত্যর্থঃ। তং ধরতীতি তথা, 'আঙো মর্য্যাদাভিবিধ্যোরিতি মেদিনী। অনেন চ গোপসংকল্পানন্তরং তৎসহিত-ব্রহ্মহ্রদাবধি গতিঃ স্মচিতা]। বিভবং বিগতো ভবো জন্ম যত্র তচ্চ তদাস্পদতরং নিত্যাপ্রকটধামলক্ষণ-শ্রেষ্ঠস্থানং চেতি। 'আস্পদং স্থান-হৃত্যয়ো' রিতি মেদিনী। তস্য নয়নেষু অর্থাৎ গোপানাং নেত্রেষু যোঽন্বয়োঽনুগতিঃ তত্র কৃতি কুশলং যন্নয়নং প্রাপণং তেনান্বয়স্য স্ববংশস্য যা ভৃতিঃ পোষণং তয়া বলিতং সমুচিতঞ্চ অঞ্চিতং অর্চ্চিতং চ যৎ পদং ব্যবসায় স্তেন কলিতঃ প্রাদুর্ভাবিতোঽখিলানাং মদো হর্ষো যেন। হে বীর, অন্বয়স্তু পূর্ব্ববৎ ॥ ৩১

অথাস্ত স্তদ্ধাম-দিদৃক্ষু স্তং স্তৌতি—তরুণেতি। অহং তং বর্ণিত-মহিমানং ত্বাম্ আশ্রয়ে। কিংনিমিত্তং মামাশ্রয়সে ইতি চেত্তত্রাহ নিজলোকবিলোক মাশ্রয়ে নিজলোকস্য বিলোকো দর্শনমেব মা সংপত্তি স্তৎ সেবননিমিত্তং (নিমিত্তে সপ্তমী)। তং কীদৃশং তরুণে সত্যোবিকসিতে অরুণ-কঞ্জে ইব লোচনে যস্য। পুনঃ কীদৃশং—বরুণাহৃততাতং মোচয়তীতি তথা। * নিজস্য তব লোকং [রলয়োরৈক্যাৎ] রোকং প্রকাশং প্রীতিং বা পশ্যতি বা স্পৃহয়তীতি বা তথাভূতোঽহমিতি 'ইগুপেত্যাদিনা কঃ। রুচ৯ৃ প্রীতি প্রকাশয়োরিতি বোপদেবঃ। নিজলোকস্য দৃশঃ ইতি পশ্চাৎ ষষ্ঠী তৎপুরুষো বা ॥ ৩২

অথ সিংহাবলোকন্যায়েন ব্যুৎক্রান্তামপি পূর্ব্বস্মচিতাং বস্ত্র-হরণলীলামাহ —রঙ্গদেতি। রঙ্গদ-হৈমনস্য কৌতুকদহেমন্তস্য সঙ্গে প্রাপ্তে সতি শনৈস্তনঃ

বংহিতকৈশ্চির লঙ্ঘিতশৈশির।

শন্দদকন্দল নন্দক সন্দল-

দঙ্কগষট্পদ টঙ্কণসৎপদ

পুষ্পগণক্ষণ। ত্বষ্পার্শলক্ষণ

শুষ্ম সমুজ্জ্বল দুষ্মমিলদ্বল

লঙ্ঘকসদ্বন সঙ্ঘ সমর্দ্ধন।

মিত্রগণেলিত চিত্রক খেলিত।

শনৈ র্যাতো যো বস্ত্রধৃতে ক্রমঃ বস্ত্রধারণস্য কদম্বোপরি স্থাপন লক্ষণোঽনুক্রমঃ পরিপাটীতি যাবৎ স এব কন্যাগণে শস্ত্রং খেদচ্ছেদকত্বাৎ শস্ত্রং তেন হৃতঃ কন্যানাং ক্লমঃ পতিত্বেন স্বলিপ্সাজাতঃ মনোগ্লানি র্যেন। 'ক্রমশ্চানুক্রমে শক্তাবিতি' মেদিনী। অত্র বস্ত্র-শব্দেনাক্ষেপলব্ধত্বান্মূল-প্রসিদ্ধ্যাচেতদ্ধারিণ্যঃ কন্যাঃ স্বয়মেবায়াতাঃ। এবং তৎসঙ্গি-সখায়োঽপি। শৈশিরলীলামাহ—বংহিতেতি। বংহিতকৈঃ বহুলকৃতৈঃ সুখৈ শ্চিরং লঙ্ঘিতঃ উত্তীর্ণঃ শৈশিরঃ [স্বার্থেঽন্] শিশির ঋতু র্যেন। বহুলস্য বংহ স্তৎকরোতীতি ণিচি। বাসন্তিকলীলামাহ—শন্দদেতি। শন্দদানি মঙ্গলদানি কন্দলান্যঙ্কুরাণি যেষাং নন্দকানি চ সন্দলন্তি বিকসন্তি চ যান্যঙ্কানি ক্রোড়ানি তানি গচ্ছন্তি যে ষট্পদা ভ্রমরা যত্র তে চ তে টঙ্কণং [টকি বন্ধনে] স্বসৌরভেণ সর্ব্ববন্ধন-কারকং সৎ পদং সমীচীন-ব্যবসায়ো যেষাং তে চ তে তেষাং পুষ্পাণাং গণেন ক্ষণ উৎসবো যস্য। 'কন্দলং তু কপালে স্যাদুপরাগে নবাঙ্কুরে—ইতি বিশ্বঃ। অত্র বসন্তস্য নামানুট্টঙ্কনেঽপি তৎ কার্য্যবর্ণনেন ক্রমপ্রাপ্ত্যা চ স এব জ্ঞেয়ঃ॥ নৈদাঘিকলীলামাহ—তুষ্পর্শেতি—তুষ্পার্শং লক্ষণং যস্য স চাসৌ শুষ্মঃ সূর্য্যশ্চেতি তস্য সম্যগুজ্জ্বলন্তো যে উষ্মাণ স্তেষাং মিলৎ প্রাপ্নুবৎ যদ্বলং স্থৌল্যং তস্য লঙ্ঘকানি যানি সদ্বনানি তেষাং সঙ্ঘে সমর্দ্ধনং (ঋধ্ বৃদ্ধৌ) সম্যক্ বর্দ্ধনং ক্রীড়য়া সুখবৃদ্ধি র্যস্যেত্যর্থঃ। 'শুষ্ম স্তেজসি সূর্য্যে না' ইতি মেদিনী। তত্র সখিভিঃ সহ ক্রীড়ামাহ—মিত্রেতি। মিত্রগণেন ঈলিতং (ডলয়োরভেদাৎ) ঈড়িতং স্তুতং চিত্রকং অদ্ভুত সুখরূপং খেলিতং যস্য। সঞ্চিতং সঞ্চয়ঃ সত্তটরঞ্জিত তদ্বটে শোভনপ্রতীর-মনোজ্ঞে

সঞ্চিত সত্তট রঞ্জিত তদ্বট ।
সুন্দরদৃক্স্মিত কুন্দজিদিঙ্গিত
সংহিত সচ্ছল রংহিতসদ্বল
সংহতপাটব জংহতদানব ।
ভীত সুদৃগ্‌জব পীতবৃহদ্দব ।
অম্বুধরস্রব দম্বুভরদ্রব ।
রঙ্গনিভক্ষিতি সঙ্গরুচি স্থিতি
বন্য নিরীক্ষণ ধন্যতমক্ষণ ।
লক্ষসরঃ শুচি পক্ষশরদ্রুচি
বিস্তৃতি সম্পৃহ বিস্মৃতভৃদ্‌ গৃহ ।

তস্মিন্‌ ভাণ্ডিরক নাম্না প্রসিদ্ধে বটে যস্য। দণ্ডপাণিরিতিবৎ সপ্তমীপর-নিপাতঃ। 'তটং নপুংসকে ক্ষেত্রে প্রতীরে তু তটী ত্রিম্বিতি' মেদিনী। সুন্দরেতি দ্বয়ং স্ফুটং। অথ প্রলম্বঘাতনলীলামাহ—ইঙ্গিতেন সখ্যানুমোদন লক্ষণ বচসা সংহিতং সম্যক্‌ধৃতং যং সচ্ছলং সমীচীন-কাপট্যং তেন রংহিতঃ (রহি গতৌ) প্রাপ্তশ্চ সদ্বলেন শোভন-স্বাগ্রজেণ সংহত-পাটবঃ সম্যক্‌ নাশিত-সামর্থ্যশ্চ জংহতঃ স্বাগ্রজ-মুষ্টিবিদীর্ণো মস্তকতয়াতিশয়েন ঘাতিতো দানবঃপ্রলম্বাখ্যোসুরো যেন। যদ্বা—ইঙ্গিতেন ভ্রূসংজ্ঞয়া সংহিত-সচ্ছলঃ সম্যগ্‌ধৃত-সখিবেশধারিত্বলক্ষণ-কাপট্যঃ রংহিত-সদ্বলঃ প্রাপ্তোদার বলভদ্রঃ স চাসৌ স চেতি দানব-বিশেষণং, অন্যৎ সমানং ॥ অথ দাবানল-পানলীলামাহ—ভীতেতি। ভীত-সুহৃদ্‌ভ্যঃ জবেন পীতঃ বৃহদ্দবঃ মহা-বনাগ্নি র্যেন। 'দবদাবৌ তু বন-বহ্নৌ বনেপ্যুভাবিতি মেদিনী। অথ প্রাবৃষেণ্যলীলামাহ—অম্বুধরেতি। অম্বুধরেভ্যো মেঘেভ্যঃ স্রবন্তি যান্যম্বুনি জলানি তেষাং ভর স্তেন দ্রবঃ গুহাদৌ পলায়নং যস্য। রঙ্গনিভক্ষিতেঃ ইন্দ্রগোপাদি বর্ণশাবল্যাৎ নৃত্যস্থল-তুল্যভূমেঃ সঙ্গেন রুচিস্থিতিঃ শোভা-স্থিরতা যস্য তস্য বন্যস্য বনবৃন্দস্য নিরীক্ষণেন ধন্যতমো ধনভব ইবাতিশয়ঃ ক্ষণঃ উৎসবো যস্য। অথ শারদলীলামাহ—লক্ষেতি। লক্ষসরঃসু লক্ষ-সংখ্যতড়াগেষু শুচিপক্ষাঃ ধবলপক্ষাঃ হংসাঃ যত্র তস্যাঃ শরদঃ রুচিবিস্তৃতৌ শোভাবিস্তারে সম্পৃহঃ। 'শুচিঃ শুদ্ধে তুপহতে শৃঙ্গারাষাঢ়যোঃ সিতে' ইতি

সর্ব্বসমন্বয় পর্ব্বকৃদন্বয় ।
বেণ্বনুবাদন ধেন্বনুসাদন ॥ বীর ॥ ৩৩

(৮)

ধার্ষ্ট্যং বত বেণো র্যঃ কর্ষতি দূরাদ্ বিমানানি ।
শীলং তব মধুরিম্ন স্তভ্নাত্যমরী স্ততঃ পতন্তী র্যঃ ॥ ৩৪

[মাতঙ্গ খেলিতম্]

অম্বিকাবন্য যাত্রয়া ধন্য
লীলয়াগণ্য, তাত খাৎফণ্য
পাকৃদগণ্যকারিতা পণ্য ।

বিশ্বঃ। অত্র শুচিপক্ষা ইত্যুপলক্ষণমন্যা অন্যা অপি পক্ষিজাতয়ো জ্ঞেয়াঃ। অতো বিস্মৃতিভৃদ্‌গৃহং যস্য শরৎ সরঃস্থহংসাদি-দর্শনেন বিস্মৃতগৃহ ইত্যর্থঃ। অথ গৃহং প্রতিগমনলীলামাহ—সর্বেতি। সর্ব্বসমন্বয়পর্ব্বকৃৎ নিখিলজন সম্বন্ধ্যুৎসবকারী অন্বয়ঃ অনুগতি র্যস্য। অনেন সর্ব্বচিত্তাকর্ষিতা সূচিতা। বেণোরনুবাদনং প্রাধান্যং যথা স্যাত্তথা বাদনং যস্য। অনেন গৃহগমনার্থং তত্রস্থিত-গবাকর্ষণং ধ্বনিতং। 'অনু হীনে সহার্থে চ পশ্চাৎ প্রাধান্যয়োর-পীতি' মেদিনী। ধেন্বেতি ধেনুপশ্চাদ্‌গামী। অন্বয়ঃ পূর্ব্ববৎ ॥ ৩৩

বেণুনাদ-শ্রবণ ক্ষোভিতচিত্তায়াঃ কস্যাশ্চিদ্ ব্রজদেব্যা বাক্যমনুবদতি—ধার্ষ্ট্যমিতি। বত অহো বেণো র্ধার্ষ্ট্যং! কিং তদিত্যপেক্ষায়ামাহ—যো বেণু দূ্রাৎ বিমানানি কর্ষতীতি। অহো তব মধুরিম্নঃ শীলং সুস্বভাবঃ! কিং তদিতি চেত্তত্র যো মধুরিমা মাধুর্য্যং ততো বিমানেভ্যঃ পতন্তীরমরী র্দেবীঃ স্তভ্নাতি রুণদ্ধীতি। অত্র বেণুমধুরিমভ্যাং ক্রমেণোৎকণ্ঠাস্তম্ভয়োঃ যুগপৎ সদ্ভাবো ধ্বনিতঃ ॥ ৩৪

অথাম্বিকা বনযাত্রামাহ—অম্বিকেতি। অম্বিকাবন্য-যাত্রয়া হেতুনা ধন্যঃ লীলয়া অগণ্যঃ সর্ব্বকৃতার্থ-কার্য্যপরিমিতলীলা বিশিষ্ট ইত্যর্থঃ। অনেন শ্রীগোপাল চম্পূ বর্ণিত-বৈদ্যাদি স্ত্রী-বেশ ধারণেনাম্বিকাবন যাত্রায়াং কান্তাভিঃ সাকং কৃতা বিহারাঃ সূচিতাঃ॥ অথাজগর-গিলিত-শ্রীনন্দ-মোক্ষণমাহ—তাতেতি। তাতং খাদতীতি ক্বিপ্ স চাসৌ ফণী চেতি তস্যাপাকৃৎ ঘাতকঃ। অগণ্যং যথা স্যাত্তথা কারিতং আসম্যক্ পণ্যং স্তুতি-কদম্বং যেন। প্রযোজ্য কর্ত্তাত্র ত্যক্তাহিতনু-সুদর্শনাখ্যো গন্ধর্বো জ্ঞেয়ঃ। আক্ষেপ-লব্ধত্বাৎ।

হোরিকারঙ্গ গোপিকাসঙ্গ
ভাবিতাসঙ্গ খেলিতাভঙ্গ
যোষিদাতঙ্গ কারিতা সঙ্গ
ধাবভাক্ শঙ্খ চূড়কাশঙ্খ
দারণাৎপঙ্ক নাশনানঙ্ক ॥ বীর ॥ ৩৫

❊ ❊ ❊

শৃঙ্গিণীবৃন্দ চারণা বুন্দ
কারণানন্দ। ভাবিনী শন্দ
গীতিকাস্পন্দ লীলতাকন্দ।
সর্ব্বথামন্দ সর্ব্বকাস্কন্দ

অথ হোরিকা লীলাভঙ্গকারি শঙ্খচূড়-বধমাহ—হোরিকেতি। হোরিকায়াঃ রঙ্গে তন্নিমিত্ত নৃত্যস্থলে যো গোপিকাসঙ্গঃ তত্র ভাবিতঃ প্রাপ্তঃ আসঙ্গ আসক্তি র্যেন। খেলিতস্যাভঙ্গে। যতঃ সা চাসৌ যোষিদাতঙ্গ-কারিতা (তগি খলনে) যোষিৎসু আসম্যক্ খলত্ব-কারিতা চেতি তস্যাং য আসঙ্গ স্তেন হেতুনা ধাবভাক্ চাসৌ শঙ্খচূড়শ্চেতি তস্য কস্য শিরসঃ শঙ্খবদ্দারণাৎ পঙ্কস্য পাপস্য নাশনঃ। তত্র হেতু রনঙ্ক ইতি নাস্তি অঙ্কং পাপং যতঃ। অস্ত্রী পঙ্কং পুমান্ পাপ্মেত্যমরঃ। অঙ্কং পাপ দুঃখয়োরিতি মেদিনী ॥ ৩৫

অথ সময় বিশেষ গোচারণলীলামাহ—শৃঙ্গিণীতি। শৃঙ্গিণীনাং গবাং বৃন্দ-চারণস্য আবুন্দঃ সম্যক্ নিশামনং কারণং যস্য তথাভূত আনন্দো যস্য। 'বুদ বুন্দির্জ্ঞানি নিশামনে' ইতি বোপদেবঃ। অথ যুবতি বশকারি গুণমাহ —ভাবিনীতি। ভাবিনীনাং সুন্দরীণাং শন্দয়া মঙ্গলদয়া গীতিকয়া গানেন আস্পন্দলীলতায়াঃ সম্যক্ কম্পন-জনয়িতৃ-লীলতায়াঃ যদ্বা অস্পন্দ-লীলতায়াঃ স্তম্ভজনয়িতৃলীলতায়াঃ কন্দং মূলমাদিকারণমিত্যর্থঃ। স্পদি ঈষৎ কম্পে ইতি কল্পদ্রুমঃ। অথারিষ্টাসুর-বধলীলামাহ—সর্ব্বথেতি। সর্ব্বথা সর্ব্বপ্রকারতো যে মন্দা মূর্খা ভগবদ্ বৈরিত্বাদসুরা ইত্যর্থঃ। তেষাং সর্বকাস্কন্দা সর্ব্বসুখানাং সম্যক্ শোষয়িত্রী যা ভীষিতা ভয়দায়িতা তস্যাঃ ষণ্ডং সমূহরূপা যা শশ্বদ্দণ্ড চেষ্টা নিরন্তর নিরর্গল চেষ্টা তয়া যদরিষ্টস্য তন্নাম বৃষাকারাসুরস্য মারণং তেন যাঽক্লিষ্টকারিতা স্বভক্ত-ক্লেশঘাতকত্বং তদ্রূপং

ভীষিতাষণ্ড শশ্বদুদ্দণ্ড
চেষ্টয়ারিষ্ট মারণাক্লিষ্ট
কারিতা শিষ্ট বর্ণনান্বিষ্ট ॥ বীর ॥ ৩৬

কৃত্বারিষ্টং রিষ্টং মুদিত-জ্ঞাতিজবৃতি-শ্রিয়া মুদিতঃ।
ব্রজনং ভুবি কুর্ব্বন্ স জয়তি জয়-কারবার-সম্পন্নঃ ॥ ৩৭

সুরারি হতি শংসন-প্রথিত কংসবিধ্বংসনঃ
সুধীভবহতৌ বিধি র্বিবিধ কীর্ত্তিভাসাং নিধিঃ।

যৎ শিষ্টবর্ণনং ভক্তকর্ত্তৃক-বর্ণনং তেন অন্বিষ্ট অন্বেষণবিষয়ীভূত ইতি। অন্বয়স্তু পূর্ব্ববৎ। 'ষণ্ডং পদ্মাদি সংঘাতে ন স্ত্রী স্যাদ্ গোপতৌ পুমান্ ইতি, মন্দোঽভীক্ষ্ণে চ মূর্খে চেতি' চ মেদিনী। 'স্কন্দির্ গতি-শোষণয়োঃ শিষ্টত্বং নাম-ফল সাধন বিষয়ক ভ্রান্তি রহিতত্ব-প্রকারক-নিরূপিত বেদ-প্রমাণাভ্যুপগন্তৃত্বং। অনেন শুষ্ক জ্ঞানিনাং স্থূলতুষাবঘাতিত্বাৎ কর্ম্মিণাং নরকস্থিত-প্রায়ত্বাৎ ভক্তা এব শিষ্টাঃ ॥ ৩৬

পূর্ব্বোক্তং বিশদয়তি—কৃত্বেতি। স অরিষ্ট-ঘাতিতয়া প্রসিদ্ধো জয়তি। কিং কৃত্বা কিং কুর্ব্বন্ অরিষ্টং রিষ্টং শুভাভাবং নষ্টমিত্যর্থঃ। মারণান্তরং তস্মৈ মুক্তি-প্রদানাৎ ক্ষেমং বা কৃত্বা ব্রজভুবি ব্রজনং কুর্ব্বন্নিতি। 'অরিষ্ট-মশুভে তক্রে সূতিকাগার আসবে' ইতি, 'রিষ্টং ক্ষেমে শুভাবিতি' চ মেদিনী। অন্যৎ স্ফুটং। ননু মনুষ্য-নাট্যস্যাস্য ভূ-ব্রজনং সহজমেব, স্তুতিত্বেন কথমুক্তং তৎ? উচ্যতে—নারায়ণতোঽধি-কৈশ্বর্য্য-বোধনায় তথোক্তং ভুবি ব্রজতোঽপ্যস্য 'হতারিগতিকতয়াসুরাণামপি মুক্তি-প্রদত্বাৎ। ৩৭

অথান্যৎ সকলং সংক্ষেপতো বর্ণয়ন্নুপসংহরতি সুরেতি-নোঽস্মাকং সম্বন্ধে স্ফুরতু। অত্র সামান্যতঃ সম্বন্ধমাত্রোক্তিঃ, চক্ষুরাদৌ রূপাদি-স্ফুরণং স্বয়মেব জ্ঞাপয়তি, আক্ষেপ-লব্ধত্বাৎ। অত স্তন্নোট্টঙ্কিতং। স কঃ—যস্য তৎ প্রসিদ্ধং ব্রজস্য ব্রজসম্বন্ধি চরণ-লাঞ্ছিত মঙ্ঘ্রিচিহ্নং বিধি প্রভৃতি বাঞ্ছিতং ভবতি। 'চরণলাঞ্ছিতমিত্যনেন, চরণ স্পৃষ্ট রজ এবাদেয়ং। স পুনঃ কীদৃক্—সুরেতি। সুরারীণামসুরাণাং হতি-শংসনেন অয়মসুরহন্তেতি মারণ-কথনেন প্রথিতো বিখ্যাতঃ তৎ সম্বোধনেন পৃথক্ পদং। অনেনা-রিষ্টমনু দন্তবক্র পর্য্যন্তাসুর-ঘাতনমুক্তং। অত উপলক্ষণত্বেনোক্তং কংস-

বিধি-প্রভৃতিবাঞ্ছিতং চরণলাঞ্ছিতং যস্য তদ্
ব্রজস্য নিজবংশজঃ স্ফুরতু নঃ স বংশ-প্রিয়ঃ ॥ ৩৮

ইতি শ্রীজীব গোস্বামি বিরচিত শ্রীগোপালবিরুদাবলিঃ সংপূর্ণা ॥

শ্রীগোপালদেবায় নমো নমঃ ॥

ধ্বংসন ইতি। পুনঃ স কীদৃক্—সুধীতি। সুধিয়াং 'সুধিয়ঃ সাধবো লোকে' ইত্যাদিরীত্যা ভক্তানাং, ভবহতৌ সংসার-নাশে বিধিঃ কালঃ। নিমিত্তে সপ্তমী। যদ্বা—সুধিয়াং পরমভক্তানাং যাদবানাং ভবহতৌ কংসমারণ-পূর্ব্বক স্বগৃহানয়নাপ্রকটধাম প্রাপ্তিপর্য্যন্তলক্ষণক্ষেম-প্রাপ্তৌ বিধিঃ পরমেষ্ঠী। যদ্বা—সুধিয়াং পরমভক্ত-শিরোরত্নানাং ব্রজস্থশ্রীমন্নন্দাদীনাং ভবহতৌ দন্তবক্রবধানন্তর ব্রজাগমন স্ব-বিরহ-দুঃখনাশন-পূর্ব্বকাপ্রকট ধাম প্রাপ্তি লক্ষণক্ষেম প্রাপ্তৌ বিধিঃ পরমেষ্ঠী। 'ভবঃ ক্ষেমে চ সংসারে সত্তায়াং প্রাপ্তি জন্মনো রিতি।" বিধি র্না নিয়তৌ কালে বিধানে পরমেষ্ঠি নীতি চ মেদিনী। হন হিংসাগত্যোঃ। তত্র হেতুভূত-বিশেষণং বিবিধে-ত্যাদি। স পুনঃ কীদৃক্? নিজেতি। ব্রজস্যেতি কাকাক্ষিগোলক-ন্যায়েনোভয়ত্র যোজনীয়ং। ব্রজস্য নিজবংশজঃ। তস্য বংশস্তু গোপ যাদবভেদেন তাবদ্ দ্বিবিধঃ। তত্র যাদবরূপো বংশঃ পুরস্থঃ, অন্যস্তু ব্রজস্থ ইতি সুপ্রসিদ্ধং। অত্রেদং তত্ত্বং—কংসধ্বংসন ইতি, ব্রজস্য নিজ বংশজ ইতি বংশপ্রিয় ইতি চ বিশেষণ-ত্রয়েণ দন্তবক্রবধানন্তরং ব্রজমাগত্যাত্রত্য-পরিকরৈঃ সহ গোপজাত্যভিমানবান্। অপ্রকটধামনি বিহরতীতি। অত্র প্রমাণাদি বিশেষ জিজ্ঞাসা চেৎ সন্দর্ভাদি দৃশ্যং। ৩৮

গোপালবিরুদাবল্যা ব্যাখ্যেয়ং কস্য ন স্পৃশেৎ।
রসজ্ঞাং ষাড়বাপূর্ণা পাত্রিকা মাৰ্ত্তিকী যথা॥ ইতি
কৃতা রসিকদাসেন ব্যাখ্যা গ্রন্থকৃতাং মুদে।
ভূয়াল্লোহল-পুত্রস্য বাণী স্নিগ্ধপিতু র্যথা॥

ইতি শ্রীজীব জীবাতুনা শ্রীবৃন্দাবিপিন-নিবাসিনা কেনচিৎ ক্ষোদীয়সা রসিকাভিধেন রচিতা পল্লবাখ্যা ব্যাখ্যা সমাপ্তা।

শ্রীজীবগোস্বামিনে নমো নিত্যং সহস্রশঃ॥

তাৎপর্য্যানুবাদ

স্বরচিত শ্রীভাগবত-সন্দর্ভে স্থাপিত ভক্তি-মাহাত্ম্যের বর্ণনা দ্বারা জগতে অতি প্রসিদ্ধ, বেদাদি নিখিল শাস্ত্রব্যুৎপন্ন, কবিকুল-কেশরী **শ্রীশ্রীজীবগোস্বামীপাদ** স্বোপাস্যরূপে নির্ণীত শ্রীগোপালদেবের বশকরী তন্নামক বিরুদাবলী স্বভক্তগণকে এবং শ্রীগোপালভক্ত অন্য সকলকেও উপদেশ করতঃ আশীর্ব্বাদরূপ মঙ্গলাচরণ করিতেছেন—এই মল্লিখিত গোপালবিরুদাবলী ধর্ম্মাদি চতুষ্টয় লক্ষণাক্রান্ত পুরুষার্থ এবং পঞ্চম পুরুষার্থ প্রেমেরও সাধন করিবার জন্য কল্পলতা-রাজিবৎ উদিত হউন। এই বিরুদাবলী শ্রীগোপালদেবেরও সুখদায়িকা ; [অতএব ইহার অনুশীলনে ধর্ম্মাদি পুরুষার্থ চতুষ্টয় ও প্রেমলাভ অবশ্যম্ভাবী]। ১

---

(১) বর্দ্ধিত *

অধুনা ভক্ত্যুত্থ দৈন্য সহকারে বলিতেছেন—ব্রহ্মা, সনক সনাতনাদি, শিব, সকল লোক, শ্রীনারায়ণ-ভক্তগণ, বেদসমূহ এবং নিখিল ব্রহ্মাণ্ড ও বৈকুণ্ঠস্থিত ব্রহ্মাদি পূর্ব্বোক্ত সকলেই নিরবধি

---

* বর্দ্ধিত, বীরভদ্র প্রভৃতি শব্দ বিরুদাবলীর ছন্দোনির্ণায়ক। জিজ্ঞাসা থাকিলে শ্রীপাদ রূপ গোস্বামির 'বিরুদ-লক্ষণ' দ্রষ্টব্য।

অঘনাশন শ্রীকৃষ্ণের গোষ্ঠচরিত্র গান করিয়াও যখন শেষ করিতে পারেন না—তখন আমার এই গদ্য-পদ্যাত্মক বিরুদ কাব্য কি অধুনা সেই চরিত্র প্রতিপাদন করিতে সক্ষম হইবে? ২

আবার ভক্তি স্বভাবে সাতিশয় অভিভূত হইয়া বলিতেছেন—মূঢ়মতি অথচ কবিতা-নির্মাণে লুব্ধচিত্ত কোনও কোনও কবিমানি-গণের যে প্রকার কবিতা-রচনা দৃষ্ট হয়—সেই প্রকারে আমারও এই কাব্যরচনায় হস্তক্ষেপ করা নির্লজ্জতারই পরিচায়ক। [সরস্বতী পক্ষে—ভগবদ্‌গুণানুবর্ণনে সর্ব্বত্র লব্ধ-সৌন্দর্য্য অতএব ঐ গুণবর্ণনেই আকৃষ্টমনা কোনও কোনও কবিমানিদের (প্রাকৃত কবিগণ কর্ত্তৃক সম্মাননীয় অথবা অপ্রাকৃত কাব্যকরণে (সর্ব্বত্র সমাদরণীয় মহাজনগণের) কবিতা (কাব্য) যে প্রকার (সর্ব্বত্র সমাদৃত) দৃষ্ট হয়, তদ্রূপ আমার ও এই কাব্যরচনায় কোনই লজ্জার কারণ নাই। বস্তুতঃ ভগবদ্‌গুণবর্ণনায় তাৎপর্য্য থাকায় ইহাতে মহাগুণই পরিলক্ষিত হইবে]। ৩

[এক্ষণে কলিকা-রচনা আরম্ভ করিতেছেন। শ্রীকৃষ্ণের ভূ-বৃন্দাবনে প্রাদুর্ভাব হইতে আরম্ভ করিয়া দন্তবক্র বধের পরে পুনঃ ব্রজাগমন পর্য্যন্ত লীলা-কদম্বই 'প্রকট লীলা' বলিয়া কথিত। এই প্রকট লীলা এবং অপ্রকটধামে নিত্যাবস্থান উভয়ই পরস্পর সম্বন্ধযুক্ত; এক্ষণে প্রকট লীলা বর্ণনা করিবার জন্যই প্রথমতঃ নিত্যাবস্থিতির কথা বলিতেছেন]-হে গোপাল! তুমি সন্তত প্রবাহরূপা ব্রজপরিকরগণ সহ যথাযোগ্য বিহার-পরম্পরা দ্বারা মদীয়তারূপে আত্মসাৎকৃত শ্রীনন্দাদি গোপগণের সুখরাশি বিস্তার কর। [প্রকট লীলার সর্ব্বপ্রথমে বর্ণনীয় আবির্ভাব লীলা

বলিতেছেন]—তোমার পৃথিবীতে অবতার-সম্ভূতা এবং আত্মারাম গণের পর্য্যন্ত চিত্তাকর্ষিণী শুভকথা চতুর্দ্দশভুবনে পরিব্যাপ্ত হইয়াছে। [অদ্ভুত লীলা রাজির উত্থাপন করিতেছেন]—মহৈশ্বর্য্য-প্রকটনে ক্রম-রহিত নিরুপম সৌষ্ঠবযুক্ত সুন্দর সুন্দর চরিতাবলি তুমি প্রকাশ করিয়া থাক। [অথবা সামান্যভাবে একটী মাত্র বিশেষণ দ্বারাই তদীয় লীলা-রাজিরই বর্ণনা করতঃ বলিতেছেন)—অক্রম অর্থাৎ পালঙ্কের উপরে উত্তানভাবে শায়িত থাকায় তুমি প্রথমতঃ পাদবিন্যাস করিতে পার নাই, কিছুকাল পরে জানুচংক্রমণ (হামাগুড়ি) করিতে আরম্ভ করিলে ধীরে ধীরে পাদবিন্যাসবৎ ভঙ্গী করিয়াছ; তৎপরে আবার দধিহরণ ও বৎসচারণাদির জন্য অতিমাত্রায় পাদবিন্যাস করিতে থাক; তাহারও কিছুদিন পরে গোচারণ করিবার উদ্দেশ্যে নিত্যই পরিভ্রমণ কর—তৎপরে রাসলীলায় নৃত্যাদির জন্য কৌশলক্রমে পাদ-বিন্যাস করিয়াছ—তৎপরে মথুরাগমন সময়ে পরিকরগণের খেদ দর্শন করিয়া তুমি 'মথুরায় যাব কিনা'—ইত্যাকার সংশয়ান্বিত হইয়া পাদবিক্ষেপ করিয়াছ—তৎপরে আবার কালযবন ও জরাসন্ধাদির নিকট হইতে পলায়ন করিবার জন্য পাদবিন্যাস করিয়া থাক; তৎপরে আবার দন্তবক্রবধের শেষে ব্রজে পুনরাগমন কালেও তুমি সুন্দর চলনভঙ্গী বিস্তার করিয়াছ। তাহারও কিয়ৎকাল পরে অপ্রকট ধামে প্রবেশরূপেও তাহাই অঙ্গীকার করিয়াছ। তুমি এতাদৃশ নিরুপম সৌষ্ঠবযুক্ত জনমনোমদ চরিতাবলীর প্রকটন করিয়া থাক]। পূতনা প্রভৃতিকেও ধাত্রীগতি প্রদান করতঃ তুমি

পরম-কারুণ্যাদি গুণরাজির প্রকাশ করিয়াছ। অহো! ইহাতেই তোমার চরিত্রের মহাসুন্দরত্ব প্রকটিত হইয়াছে! [এক্ষণে অঙ্গ-শোভাদির সৌষ্ঠব বর্ণনা করিতেছেন—] ইন্দ্রনীল মণির কিরণ-মালারও পরাজয়কারী এবং সকলের চিত্তে লোভ-সমর্পক অথচ ভক্ত-সর্ব্বস্ব-রূপ কান্তি ধারণ করিয়াছ। [তৎপরে কিঞ্চিৎ অধিক বয়সে বস্ত্র-ধারণ শোভা বর্ণনা করিতেছেন—] স্বর্ণ বর্ণ সদৃশ সুন্দর বস্ত্রদ্বারা তোমার অঙ্গ বেষ্টিত থাকে ; [তোমার অতি শৈশবে পরিধান বিষয়ে সৌষ্ঠব না দেখা গেলেও কিন্তু তদ্দ্বারা লোচন-লোভনীয়ই হইয়া থাক।] (সখীগণের সহিত ব্রজমধ্যে বিহার সমূহের সূচনা করিতেছেন—) তুমি কর্ণ সুখদ বহু বহু সদ্‌গুণে বর্দ্ধিত হইয়া থাক, [বিপরীত লক্ষণায়—ব্রজেশ্বরী-সমীপে ব্রজ-বালিকাগণ কৃত ওলাহন লীলা, দধ্যাদি চৌর্য্য ও অসময়ে বৎস মোচনাদি ক্রীড়া সমূহের ইঙ্গিত হইল।] তুমি বিচিত্র বর্ণ মণিগণ ধারণ করিয়া অতি সুন্দর অঙ্গ—সুষমায় মণ্ডিত হইয়াছ। তুমি সখাগণের সহিত দধিহরণ ও বৎসচারণাদি সুখদ লীলাবিনোদ করিতে করিতেই বৎসবকাদি অসুর সমূহকে হত্যা করিয়াছ। তোমার অদ্ভুত মহিমা-সূচক কীর্ত্তিকলাপের শ্রবণ-কীর্ত্তনাদিরূপ মহোৎসবে তুমি চতুর্দ্দশ ভুবনের সর্ব্ববাঞ্ছিত পুরুষার্থ নিচয় সমর্পণ করিয়া থাক। তাহা হইতেও অধিকতর বিস্ময়ের ব্যাপার এই যে যিনি তোমার নামের আভাস মাত্রও কীর্ত্তন করেন, তাঁহাকেই তুমি সুখরাশি বিতরণে তর্পণ অর্থাৎ সন্তুষ্ট করিয়া থাক। বেণু বাদ্যজনিত অব্যক্ত মধুর ধ্বনিদ্বারা স্থাবর জঙ্গমাত্মক প্রাণিমাত্রকেই তুমি বশীভূত করিয়াছ। নিজ বৃষ্ণি-বংশে পূজিত তোমার পিতা

নন্দ মহারাজরূপ সমুদ্রের তুমি চন্দ্র-সদৃশ আনন্দপ্রদ। তীক্ষ্ণনরক-গামী পূতনা অঘবকাদি অসুরগণকেও তুমি যথাযোগ্য ধাত্রীগতি-ব্রহ্মসাযুজ্যাদি মুক্তি প্রদানে 'হতারিগতিদায়ক' নামের সার্থকতা-সম্পাদন করিয়াছ। উৎকট কিরণশালী সূর্য্যাদি গ্রহ-নক্ষত্র সমূহের ও তুমি কান্তি-বর্দ্ধক। তুমি কৃষ্ণ অর্থাৎ সকলকে আকর্ষণ পূর্ব্বক প্রেমানন্দ দান কর, যেহেতু তুমি সুভগ অর্থাৎ শোভা, ঐশ্বর্য্য, জ্ঞান, যশ ও বীর্য্যাদি বিশিষ্ট; অতএব এই ভূমিতে নিজে অবতরণ করিয়া এবং অপ্রকট ধাম হইতে নিজ বিহার-স্থানাদি সকল বস্তুকে প্রপঞ্চে আবির্ভাব করাইয়া সকলকেই অপার আনন্দ আস্বাদন করাইয়া থাক। হে কৃষ্ণ! সকল নাম হইতেও তোমার এই 'কৃষ্ণ' নামেরই পরমোৎকর্ষ; [ব্রহ্ম সংহিতাতে প্রতিপাদিত হইয়াছে।] যেহেতু এই নামই তত্ত্ব, লীলা ও রসাদি বিষয়ে পরমতম বলিয়া স্থিরীকৃত হইয়াছে; তুমি প্রশস্ত মঙ্গল মধুর ক্রীড়া বিলাসাদি করিয়া থাক। তোমার প্রেমসেবা প্রাপ্তি উদ্দেশ্যে ভজন-পরায়ণ শ্রদ্ধালু রাগানুগা বা বৈধী সাধন-বিশিষ্ট জনগণের মনে চিরস্থির হইয়াই উপবেশন কর। তুমি সাধু ভক্তগণের হিতকর করুণ-রসবিশিষ্ট অথবা সাধুগণ হইতে প্রাপ্ত বা ধৃত করুণরসে বিখ্যাত হইয়াছ, কেননা—তোমার সুন্দর হাস্য দ্বারাই মহাভয়-গ্রস্ত ভক্তজন মণ্ডলীর মহাসুখ উৎপন্ন হইয়া থাকে। অথচ (ইন্দ্রাদিদেবগণ কৃত) শত শত সুন্দর স্তবরাজিতেও তুমি কষ্টের সহিত হাস্যশূন্য দৃষ্টিপাত মাত্র করিয়া থাক অথবা শ্রীমদ্ভাগবতাদি পুস্তক রাজির সুন্দর সুন্দর স্তবে তুমি প্রসন্ন হইয়া পাঠকের প্রতি দৃষ্টিপাত করিয়া থাক। ৪

(কলিকান্তে শ্লোক বর্ণনা করিতেছেন)—যিনি মহা সুন্দর দেহধারিগণের শিরোমণি, যিনি স্বীয় অঙ্গকান্তিদ্বারা মহেন্দ্র-নীলমণিকেও পরাজয় করিয়াছেন—যিনি নিখিল কল্যাণগুণগণ-মণ্ডিত, যিনি সকল সম্পদে ইন্দ্রবৎ পরম সমৃদ্ধ, যিনি অনন্তবল-বীর্য্য সম্পন্ন, ও দুষ্টগণের পরাক্রম চিরতরে খর্ব্ব করিয়াছেন—যাঁহার ক্রিয়ামাত্রই সকল সুখের নিদান—সেই বংশী-প্রিয় শ্যাম-সুন্দরেই আমার হৃদয় লগ্ন থাকুক। ৫

[শ্লোকান্তে বিরুদ বলিতেছেন]—তুমি বৃন্দাবন আশ্রয় করিয়াছ এবং বৃন্দাবনের সর্ব্বথা পুষ্টিসাধন করিতেছ। অথবা তুমি বৃন্দাবনকে আশ্রিত করিয়া তাহার হিতসমূহের সংসাধন করিতেছ। অর্থাৎ তুমি বৃন্দাবনস্থ স্থাবর জঙ্গমের প্রীতিপ্রদ। কেননা, নিজ দর্শনামৃত দ্বারা পুষ্ট লোক সমূহ কর্ত্তৃক তুমি চির বেষ্টিত হইয়া বিরাজ করিতেছ। ৬

(২) বীরভদ্র।

[কলিকারম্ভে শ্লোক] (নিত্য) বৃন্দাবনের সর্ব্বসাধারণের সচ্চিদানন্দময় স্থানে তুমি স্ব-পরিকর সহিত সতত নানা লীলা বৈভব প্রকট করিয়া থাক—এবং ঠিক সেইভাবেই সর্ব্বদৃশ্য এই মর্ত্ত্যলোকেও বিদ্যমান থাক—এই কথা সত্য অথবা শপথ করিয়াই বলিতেছি। যেহেতু তুমি বিল্ব-মঙ্গলাদি তুল্য ভক্তগণ কর্ত্তৃকই পুনঃ পুনঃ পরিদৃষ্ট হইয়া থাক। [পাঠান্তরে—তোমার মর্ত্ত্যলোকেও সেইভাবে বিদ্যমানতা সম্পর্কে আমাদের নিরন্তর দর্শন বা জ্ঞান হইয়া থাকে।] ৭

[কলিকা] অতি স্নেহপরায়ণ অথচ তোমার প্রেমসুখে অধিকতর পুষ্ট ভক্তজন তোমার সুখবিধানে ব্যগ্রচিত্ত। তোমার জন্ম সময়ে তোমার পিতা নন্দ মহারাজ যে আনন্দোৎসব করিয়াছেন—তাহাতে মনে হয় যেন স্বর্গে অনুষ্ঠিত উৎসব-রাজিই ধরায় প্রকট হইয়াছে। তৎকালে তোমার আবির্ভাব শ্রবণে তদ্দর্শন লালসায় ব্রজবাসিগণ তোমার মন্দিরে আগমন পূর্ব্বক নন্দ বাবার সম্মুখে যৌতুকাদি দান করতঃ তত্রত্য উৎসবানন্দে যোগদান করিয়াছেন। সন্তুষ্টচিত্ত নন্দ মহারাজ শ্রীকৃষ্ণের পোষণকারী (লালক পিতা) হইলেও তুমি স্বপ্রাদুর্ভাবে তাঁহাকে অদীনাত্মা অর্থাৎ মহাদাতা স্বরূপে নানবিষয়ক গর্ব্বই যেন সমর্পণ করিয়াছ। তুমি রাক্ষসী পূতনাকে নিধন করিয়া ধাত্রী গতি প্রদান করিয়াছ। তুমি স্বকীয় মৃদুল চরণের আঘাতেই নিজ শকটকে বহুদূরে নিঃক্ষিপ্ত করিয়া ব্যাকুল করিয়াছ, [এবং তৎসহ শকটাসুরকেও বিনাশ করিয়াছ।] অহো! তোমার চরণ অতি কোমল হইলেও কিন্তু তাহারই ক্ষুদ্র আঘাতে শকটের যুগকাষ্ঠাদি ভগ্ন হইয়া উলটিয়া গিয়াছিল; এবং তোমার চরণ অতিহ্রস্ব হইলেও কিন্তু কি এক অচিন্ত্য শক্তিবলেই যেন ঐ শকট পর্য্যন্ত ব্যাপ্ত হইয়াছিল। মহাজ্যোতির্বিদ্ গর্গাচার্য্য তোমার অত্যুত্তম 'কৃষ্ণ' নাম রাখিয়াছেন। প্রবল ঝটিকা দ্বারা শর্করাদির উৎক্ষেপে মনুষ্যাদির ও মূলোৎপাটনে বৃক্ষাদির হিংসক এবং কর্ণব্যথা-প্রদ প্রচণ্ড শব্দে তিরস্কারকারী মধু নামক অসুরবৎ প্রতীয়মান তৃণাবর্ত্তকে কণ্ঠ নিষ্পীড়ন করতঃ তুমি বিনাশ করিয়াছ। স্বর্ণ-বর্ণ ফল ক্রয় করিতে তুমি মহাকুতুকী হইয়াছ; অথবা তোমার

শ্যামকান্তির বিনিময়ে তুমি ফল প্রাপ্তির জন্য কৌতুকান্বিত হইয়া থাক। প্রত্যহ প্রাতঃকালে নিরন্তর সুখবৃদ্ধির জন্য শুক সমূহকে পাঠ করাইতে তুমি ভালবাস। তুমি স্বীয় চরিত-মাধুর্য্যে আকৃষ্ট করিয়া সখাগণকে মহাবিস্ময়ান্বিত কর। সখ্য রসাশ্রিত ভক্তগণের সুখনিদান মৃদু হাস্যের বলে তুমি মহাশোভা ধারণ কর; তুমি ধাবমান বৎসগণের গতি নিরোধ করিতে তাহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন কর। নিজগৃহে তুমি কপট নীতির অবলম্বনে শান্তভাবে অবস্থান কর; কিন্তু অতি প্রশংস্য এবং তোমার গমনযোগ্য অর্থাৎ স্বজ্ঞাতি গোপগণের মন্দিরে বিহার করিতে করিতে তত্রত্য সখা-গণের সহিত কেলিকলহ করিয়া থাক। নিজ পরিকরগণের সুখপ্রদান উদ্দেশ্যে দধি দুগ্ধাদির অতি প্রশংসনীয় চুরিকার্য্যে তুমি স্বয়ংই রত হইয়াছ। মা যশোদা তোমার সুন্দর উদর বহুক্ষণ যাবৎ বন্ধন করিয়া তোমাকে 'দামোদর' নামাঙ্কিত করিয়াছেন। মদ-মত্ততা বশতঃ আত্মবিস্মৃত অতএব পরিত্যাজ্য স্বর্গীয় নলকূবর ও মণিগ্রীব নামক কুবের-পুত্রদ্বয়কে তরুজন্ম হরণ পূর্ব্বক স্বস্থানে প্রেরণ করিয়াছ। তুমি [তোমার লীলাবলির] শ্রোতা ও বক্তারূপ মনীষীগণের সংসার ভ্রমণাদি গ্লানি-নিরসনকারী, অতএব সুন্দর সুন্দর বিহার সমূহদ্বারা আশ্রিত ভক্তগণকে সংসার দুঃখ হইতে রক্ষা করাই তোমার স্বভাব; অথবা (১) ঐ বিহারাবলির প্রতাপ দেখাইয়া দেবাসুর গণের নিকট তুমি মহামহীয়ান্ রূপে স্ফূর্ত্তি পাইয়া থাক। অথবা (২) যথাক্রমে উহাদিগকে মুক্তি ও ভুক্তিপ্রদান করিয়া থাক। (৩) বা জাত-রতি বিরহি-ভক্তগণকে সন্তুষ্ট করিয়াছ (৪) অথবা অপ্রকট ধামস্থ

নিজপরিকরগণকে মধুকণ্ঠ প্রভৃতির গান শ্রবণ করাইয়া সন্তুষ্ট করিয়া থাক ; (৫) বা সখ্য, বাৎসল্য ও মধুর রস সম্বন্ধে তাঁহাদিগকে এবং নিজেকেও আনন্দ দান করিবার উদ্দেশ্যে ঐ গুণাবলির স্বয়ং শ্রবণ করিয়া থাক, (৬) অথবা ঐ বিহারাবলি শ্রবণ করাইয়া আত্মারাম মুনিগণবৎ মুক্তগণেরও তুমি অন্বিষ্যমান হইয়াছ। নিত্যসিদ্ধ পরিকরগণের সহিত তুমি মহাবনের বাস পরিত্যাগ পূর্ব্বক বৃন্দাবনে চিরবাস্তব্য বিনির্ণয় করিয়াছ। ৮

তোমার ব্রজে প্রাদুর্ভাব নিরন্তর পরিস্ফুট মহা আনন্দরাশিরই উৎপাদন করিয়াছে ; তোমার সমৃদ্ধি সদা কালের জন্য মহাসমৃদ্ধিরই আকর হইয়াছে ; এবং তোমার নিত্য বিহারও পরিষ্কাররূপে অনন্ত বিহার রাজিই সৃজন করিয়াছে। এইরূপে [তোমার জন্মহেতুক লীলাদ্বারা ব্রজবাসিগণের আনন্দাদি সদা বিরাজমান হইলে] সেই একরসাত্মক, ক্রমশঃ বৃদ্ধিশাল সুধা-সমুদ্রের জলমধ্যে ব্রজমণ্ডল মগ্ন হইল এবং তৎপরে প্রবল পরাক্রমে বাহিরে উচ্ছলিত হইয়া দশ দিককেও মগ্ন করিয়াছিল। ৯

স্তবযোগ্য প্রকৃষ্ট-শোভাশীল এবং ব্রজবাসিগণের নবীন গৃহাবলিযুক্ত বৃন্দাবন নামক অরণ্যে তুমি স্বপরিকরগণ সহ গমন করিয়াছ। তথায় তোমার অগণ্য নর্ম্ম (পরিহাস) মধুর, মায়িকত্ব-শূন্য বলিয়া সম্যক্ চিন্ময় ও সঙ্কোচরহিত সুখ-প্রচুর বহু বহু ক্রীড়া সম্পাদন হইয়াছে। ১০

৩। সমগ্র।

তত্রত্য রমণীয় গোবর্দ্ধন, বৃন্দাবন ও যমুনা-পুলিনাদি সকলই স্বয়ং সুখ-স্বরূপ তোমারও সুখদান-কারী হইয়াছে দেখিয়া আমরা বিমুগ্ধ হইয়াছি। [আমাদের ত আনন্দের অবধিই হইতে পারে না !!] ১১

তুমি বৎসগণকে তৃণভোজনে যত্ন সহকারে প্রেরিত করিলে তথায় বৎসাসুর আসিয়াছিল। তুমি সেই বৎসাকারধারী অসুরকে বিশেষভাবে ব্যথা প্রদান পূর্ব্বক ঘুরাইতে ঘুরাইতে কপিত্থ বৃক্ষের উপরে উৎক্ষেপণাদিদ্বারা বিনাশ করিয়াছে। সকলকেই সম্যক্ প্রকারে গিলনশীল সেই বকাসুরকেও তুমি বিদীর্ণ করিয়াছ। ১২

হে গোপাল! অঘাদি-নাশকরূপে তুমি প্রসিদ্ধি লাভ করিয়াছ; তুমি যে মেষচৌর্য্যরূপ বাল্যক্রীড়ায় গুহামধ্যে বালক-গোপনরূপ কপটকারী ব্যোমাসুরকে শীঘ্রই ব্যোমত্ব অর্থাৎ মৃত্যু প্রাপ্তি করাইয়াছ—ইহা কিছু আশ্চর্য্যজনক নহে। কিন্তু যে অঘাসুর সকলকে, এমন কি তোমাকেও গিলিয়াছিল, তাহাকেও যে তুমি নিষ্পাপ করিয়া দামাদি সখাগণকেও আশ্চর্য্যান্বিত করিয়াছিলে—এই ব্যাপারই সর্ব্বদার তরে আমার মনে বিস্ময়কর হইয়া রহিয়াছে। ১৩

হে কৃষ্ণ! তুমি স্বয়ংই বৎসবালকাদিরূপ ধারণে বৎসবাল-কাদির অপহর্ত্তা ব্রহ্মার বুদ্ধি মোহিত করিয়াছ—অথচ কৃপাপরবশ হইয়া তাঁহার অপরাধও সহ্য করিয়াছ এবং ঐ অপরাধ ক্ষমাপণ হইলে ও ব্রহ্মা স্বধামে গমন করিলে তুমিও বৎসাদিকে স্ব স্ব স্থানে আনয়ন করিয়াছ। ১৪

(৪) অচ্যুত।

যদ্যপি ব্রজস্থ নিজসখাগণকে অপহরণ করিয়া ব্রহ্মা মায়া (গর্ব্বই) প্রকাশ করিয়াছেন—তথাপি কিন্তু তুমি তাঁহাকে ব্রজভক্তি প্রদান করিয়া ক্ষমা ও কৃপাগুণে ভূষিতই হইয়াছ। ১৫

হে বীর ! ব্রহ্মার মোহাপনোদন-দিবসে সন্ধ্যা বেলায় তোমার ব্রজাগমনশোভা কি মধুর !! হস্তিনীগণের স্থূলতা ও সৌষ্ঠবাদির মর্য্যাদা পরাজয়কারী নিজধেনু সমূহের ধূলিরাশিতে তোমার সর্ব্বাঙ্গ ভূষিত হইয়াছিল !! হে ধীর ! তুমি সেই প্রসিদ্ধ কালিয় নাগের মস্তকে নৃত্য করিতে করিতেই তাহাকে পরাভূত করিয়াছ। এক্ষণে যেখানে সেখানে নির্ব্বিরোধে ভ্রমণ কর। [যদি বল যে আমি তোমাদের পরম প্রেমাস্পদ, অতএব আমাকে এই মহাভয়ঙ্কর ব্যাপারে নিয়োগ করিতেছ কেন ? ইহার উত্তরে বলিতেছেন] তুমি স্বয়ংই ফণিহ্রদে (কালিয়দহে) গমন করিয়াছ, যেহেতু স্বয়ংই কালিয়ের বিষনাশ করিতে ইচ্ছা করিয়াছ—স্বয়ংই সবেগে তাহাতে ঝম্প প্রদান করিয়াছ এবং স্বয়ংই মহানাগ কালিয়ের সহিত যুদ্ধও করিয়াছ। বিশেষতঃ তুমি ত সর্পভুক্ গরুড়কেই বশীকৃত করিয়াছ, কাজেই তোমার কোন বিপদ নাই। [আচ্ছা, আমার এই দুঃখকর কর্ম্ম বর্ণনা করিতে তোমার কি কোনই খেদ হয় না ? তাই বলিতেছেন]—তুমি সেই কালিয় নাগকেই উপতপ্ত করিয়াছ বলিয়া শ্রীশুকমুনিই স্তব করিয়াছেন। ১৬

হে পদ্মপলাশ-লোচন ! তুমি প্রত্যহ নিখিল বিপিন-লক্ষ্মীর (শোভা সৌন্দর্য্যাদির) প্রীতি উৎপাদন করিয়া করিয়া গোচারণ

করিয়াছ। সেই কালিয় নাগের শিরোদেশে নৃত্য-চাতুর্য্য অঙ্গীকার পূর্ব্বক তাহাকে মর্দ্দন (পরাজয়) করতঃ যমুনার সেই হ্রদটি বিষশূন্য করিয়াছ। ১৭

হে শ্রীশ ! তুমি গোচারণে গিয়া অনুগামী সখাগণের সহিত ক্রীড়া করিয়াছ। তাহাদের সহিত মিলন করিয়া নিয়মিত ভোজন কাল অতিক্রম করিয়াছ ; তুমি অবহেলা ক্রমেই ক্রূরগণকে জয় করিয়াছ। কালিয়হ্রদে গমন পূর্ব্বক তত্রত্য ব্যাপক বিষের সম্যক্ ধ্বংশ করিয়া সকলের সুখদান করতঃ নিজেও সুখী হইয়াছ। ঐ সময়ে তোমাকে বিশেষরূপে দীপ্তিশালী দেখাইয়াছিল। [প্রেমময় ভক্তদিগের ধৈর্য্যরক্ষার নিমিত্ত প্রথমতঃ বিষনাশের কথা বলিয়া এক্ষণে কালিয়শিরে নৃত্যমাধুরী বর্ণনা করিতেছেন—] তুমি কালিয় নাগের বহুবিধ মণিদ্বারা প্রশস্ত অথবা তদীয় মস্তকরূপ রঙ্গমঞ্চে সুখস্পর্শ (অতি কোমল) ক্ষৌম (রেশমী বস্ত্র) স্বরূপ বহুবিধ মণিদ্বারা আস্তরণরূপে গ্রথিত এবং শতফণাযুক্ত মস্তকোপরি নটনভর (নৃত্যাতিশয্য)। বিস্তার করিয়াছ। হে শ্রীশ (গান্ধর্ব্বাপ্রাণবন্ধো !) বৃন্দাবনের সর্ব্ব প্রাণির হিংসারূপ অপরাধকারী সেই তীক্ষ্ণ কালিয় নাগকে সপরিবারে ঐ প্রদেশ হইতে নিঃসারণ করিবার জন্য ক্রোধহেতু তুমি ঐ হ্রদমধ্যে অবতরণ করিয়া নিজদেহ বিস্তার করতঃ ঐ সর্পের বন্ধন হইতে নিজে মুক্ত হইয়া তাহার মস্তকে আরোহণ পূর্ব্বক নৃত্য-বিলাস করিয়াছ। তখন নাগপত্নীগণ স্তব করিতে থাকিলে তুমি তাহাকে বৃন্দাবন হইতে রমণকদ্বীপে পাঠাইয়াছ। তৎপরে তুমি হ্রদ হইতে তীরে আসিয়া স্ব-পরিকরগণের সহিত মিলিয়া মৃদু মধুর হাস্য

করিতে করিতে নিজগৃহে গমন করিয়াছ। হে রাধানাথ! তুমি এবম্বিধ লীলা করিতে করিতে প্রকাশমান হও। ১৮

[সেই দিনের দাবানল-নির্ব্বাপণ লীলার বর্ণনা করিতেছেন—] হে রাধাবল্লভ! যিনি জল মধ্যস্থ বিষানল প্রকৃষ্টরূপে নির্ব্বাপণ করিয়া স্থলমধ্যের বনাগ্নিও নির্ব্বাপিত করিয়াছেন—এবং ঐ উভয় অগ্নিতাপে তাপিত গোষ্ঠকে যিনি দর্শন করিয়াই অমৃত-সিক্ত করিয়াছেন, সেই তোমাকেই আমি নিত্য ভজন করি! [অহো! ঐ বিষানল ও দাবাগ্নিতে ব্রজের সামান্য মাত্র তাপানুভব হইলেও কিন্তু তাহা বর্ণনা করিতে গিয়া গ্রন্থকর্ত্তা মূর্চ্ছিত হইয়াছিলেন !!] ১৯

হে বীর! তুমি বৃন্দাবনে পশু সমূহের রক্ষণাবেক্ষণে লব্ধসুখ এবং স্বয়ংও মঙ্গলমূল সমূহের আধার। তোমারই জয় হউক। ২০

---

(৫) উৎপল।

তুমি ধেনুপরিরক্ষণে ইতস্ততঃ বিহার করিতে করিতে নিজ বন্ধুদের প্রীতি বিধান-মানসে ধেনুক-রাক্ষসের বিনাশ করতঃ ক্রমে ক্রমে নিজ মন্দিরে আগমন করিয়াছ। ষষ্ঠবর্ষ বয়ঃক্রমকালেও তোমার মুখ-সৌষ্ঠবে ও কান্তিতে কৈশোরোচিত সৌন্দর্য্যপোষণ করিয়া তুমি গোপনারীগণের নয়নানন্দ বিধান করতঃ আনন্দলাভ করিতেছ। ২১

তুমি সকলের প্রীতিপ্রদ নর্ত্তন করিতে পার। মল্লবৎ শোভা বিস্তার করিয়াও অবস্থান করিয়াছ (অর্থাৎ মল্লক্রীড়া করিয়াছ।) বৃক্ষে আরোহণ করিয়া বিল্বফলাদিও ভূমিতলে নিঃক্ষেপ করিয়া তুমি বিলাসাধিক্য সম্পাদন করিয়াছ। বৃষভাদির অনুকরণ ও ধাবমান অশ্ববৎ দ্রুত গমন করিয়াছ। পরস্পর আস্ফালনকারী অসঙ্কোচ সখাবর্গ মধ্যে তুমিই স্ব-নৈপুণ্য প্রদর্শন করিয়াছ; তুমি অগ্রজ বলদেবের হরণকারী প্রলম্বাসুরকে বিনাশ করিয়াছ—তুমি বৃদ্ধিপ্রাপ্ত দাবানল পান করিয়াছ—হে পালক! [তুমি আমাকে দয়া কর]। ২২

হে দেব! যুদ্ধাদি সম্পর্কে তোমার সখাগণের সহিত সেই প্রসিদ্ধ লীলাদি দেখিয়া আপাততঃ উহা স্পর্দ্ধাপূর্ব্বক অনুষ্ঠিত হইয়াছে বলিয়া মনে করিলেও কিন্তু তখন তোমার দাবাগ্নিপানই—ঐ সকল লীলাচরণ সখাগণের সুখৈক-তাৎপর্য্যেই পর্য্যবসিত বলিয়া জানাইতেছে। ২৩

[নৈদাঘলীলা বর্ণনা করিতেছেন—] বসন্তকাল হইতে অভিন্নবৎ প্রতীয়মান গ্রীষ্মকালে তুমি স্নিগ্ধই হইয়াছ অর্থাৎ প্রখর সূর্য্যতাপে তোমাকে উপতপ্ত হইতে হয় নাই। [বর্ষাকালীন লীলা—] নিরন্তর বারিধারা বর্ষণশীল কালেও তোমার সাতিশয় প্রীতি পরিলক্ষিত হইয়াছে। [শারদলীলা—] শারদীয় অগণ্য (অসংখ্য) লীলা বিলাসাদি সম্পাদন করিয়া তুমি সকলের প্রশংসনীয় হইয়াছ। [হেমন্ত লীলা—] বিচিত্র হেমন্তে অদ্ভুত অসীম শোভায় তুমি সুসজ্জিত হইয়াছ। ২৪

[বেণুগীত লীলা—] পাবিকা নামক বেণু-বিশেষ দ্বারা

প্রকটিত অস্ফুট মধুর ধ্বনি শ্রবণে লব্ধসুখ মৃগাদি প্রাণিগণ কর্ত্তৃক তুমি বেষ্টিত হইয়া থাক এবং ঐ বেণুনাদের অপর বিশেষত্ব এই যে তাহাতে পর্ব্বতের সানুদেশ গুলিও দ্রবীভূত হইয়াছে। ২৫

---

(৬) তুরঙ্গ।

স্বকীয় বৈলক্ষণ্য-সঞ্চারিত পরমশিক্ষা দ্বারা বারংবারই বেণুর ধ্বনিতে তুমি স্বতঃসিদ্ধ বস্তুধর্ম্ম পরিবর্ত্তনকারী প্রভাব উৎপাদন পূর্ব্বক সচেতন বা অচেতন বস্তুমাত্রেরই যখন পরস্পর স্ব স্ব ধর্ম্মচ্যুতি, তৎপরিবর্ত্তন বা তত্তৎ মিলন সঙ্ঘটন করাইতে পার—সুতরাং ঐ ঐ প্রকারে মিলনের পূর্ব্বেই যে যুবতি সমূহ ব্যাকুল হইবে, ইহাতে আর বিচিত্র কি ? ২৬

[গোবর্দ্ধনোৎসবাদি লীলা—] তুমি ইন্দ্রের সুখকর যজ্ঞের উদ্যম নাশ করিয়া সুন্দররূপে গিরিরাজের যজ্ঞ (উৎসব) ভূষিত করিয়াছ। রম্যকলেবর গোপগণের অথবা সুন্দর-কায়া গোপীগণের সহিত যাত্রা সঙ্ঘট্টে তুমি আলিঙ্গনাদি করিয়াছ। ইহাতে বন্ধুসমূহের হর্ষ প্রকাশ হইয়াছিল। ব্যক্তীভূত (সাক্ষাৎরূপে প্রকট) গিরিরাজের পরিক্রমা করিয়া নিজ জনগণের মহাসংভ্রম বিস্তার করিয়াছ। গিরি গোবর্দ্ধনের পূজা সমাপনান্তে তুমি নিজ মন্দিরে গমন করিয়াছ এবং সঙ্গে নিজ পরিকর গণের মিলনে এক অনির্ব্বচনীয় মহাশোভাই বিস্তৃত হইয়াছিল। বৃষ্টিপাত ইত্যাদি

উৎপাত সৃষ্টিকারী স্বয়ং ভগ্নহৃদয় ইন্দ্রদেব কৃত অত্যাচার সমূহ উপেক্ষা করতঃ তুমি গোবর্দ্ধন ধারণ করিবার জন্য গমনভঙ্গী অঙ্গীকার করিয়াছ। তুমি তখন ঐ অত্যুচ্চ পর্ব্বতকেও বামহস্তের কনিষ্ঠাঙ্গুলীর উপরিভাগে ধারণ করিয়াছ। ইন্দ্রপ্রেরিত মেঘ-সমূহের জলধারারাশি তোমার গিরিধারণেই সম্যক্ নিবারিত হইয়াছিল। অপরদিকে—সুররাজের স্তুতিনতিতে তুমি তাঁহার দোষ ক্ষমা করিয়া নিজাধিকার দানে মহাকৃপাই করিয়াছ। তদনন্তর তোমাকে দেবগণ মহারাজরূপে অভিষিক্ত করিয়াছিলেন। ২৭

যিনি নিজের অভিবাদন-যোগ্য পিত্রাদি গুরুবর্গকে ইন্দ্রদেবের অর্চ্চক বিবেচনা করিয়া এবং নিজের সাক্ষাতে তাঁহাদের নিকট হইতে ইন্দ্রের পূজা গ্রহণ রূপ অবজ্ঞা দেখিয়া অসহিষ্ণু হইয়াছিলেন—তদনন্তর ইন্দ্রযজ্ঞ বিলোপ করিলে ইন্দ্রকৃত ক্লেশ-বহুল বর্ষা দেখিয়া যিনি ঐ গিরিরাজকেও হস্তাগ্রে ধারণ করিয়াছেন—সেই ব্রজজনশরণই স্বয়ং ঐ প্রকার বৃষ্টিপাতে এবং অসুর কৃত বিপত্তি প্রভৃতিতে আমাদের মঙ্গল বিধান করুন—এই প্রার্থনা। ২৮

হে বীর! তুমি দেবগণ কর্ত্তৃক অভিষিক্ত হইয়া অত্যুৎকর্ষই আবিষ্কার করিয়াছ এবং স্থাবর জঙ্গমাত্মক নিখিল জীববৃন্দকেই পরমসুখ-স্বরূপত্ব দান করিয়াছ॥ ২৯

(৭) গুণরতি।

তুমি দেবশ্রেষ্ঠগণ কর্তৃক অভিষিক্ত হইয়াছ ; তাহাতে নিখিল প্রাণীই সাতিশয় আর্দ্রচিত্ত হইল ; স্বভাবসিদ্ধ শত্রুতা ভুলিয়া তাহাদের সকলের পরস্পর মিত্রত্বাদি সংস্থাপিত হইল এবং অন্তঃকরণও প্রীতিভরে পরিব্যাপ্ত হইল ! ৩০

ভক্তবাৎসল্যাদি গুণরূপ নদী সমূহের তুমি সমুদ্রস্বরূপ। পিতা নন্দ মহারাজকে বরুণচরগণ হরণ করিলে তুমি কারুণ্যবশতঃ তাঁহাকে উদ্ধার করিয়া যে চরিত্র (লীলা) দেখাইয়াছ—তাহাতে তুমি সকলের পূজ্য হইয়াছ। আবার সেই বরুণ কর্ত্তৃক পূর্ব্বেই প্রদত্ত অত্যুৎকৃষ্ট শ্রেষ্ঠ পূজাযোগ্য বস্তুরাজি গ্রহণ পূর্ব্বক তুমি তথা হইতে স্বস্থানে আগমন করিয়াছ। তোমার সহিত সাতিশয় পূজিত নন্দ বাবার মুখে বরুণলোকের সমস্ত বিষয় অবগত হইয়া গোপগণ স্বধাম দর্শন করিতে সোৎসুক হইলে তুমি তাঁহাদের বাসনা পূরণ করিয়াছ। অহো ! সেই গোপদিগের সংকল্প মাত্রই তুমি তাহাদিগকে লইয়া সুবিশাল ও ভয়রহিত সেই ব্রহ্মহ্রদে উপনীত হইয়াছিলে এবং সেই জন্মনাশন নিত্য অপ্রকট ধাম তাঁহাদের নয়ন-সম্মুখে সুকৌশলে উপস্থাপিত করিয়া স্ববংশের পোষণ-সমুচিত সর্ব্ব প্রশংস্য ব্যবসায় দ্বারা সকলেরই আনন্দ বিধান করিয়াছ। ৩১

যিনি বরুণনীত পিতার মোচন করিয়াছেন—যাঁহার নয়ন-যুগল সদ্যোবিকশিত রক্তপদ্মবৎ—আমি সেই শ্রীকৃষ্ণকে নিজ বৈকুণ্ঠ লোক দর্শন রূপ সম্পত্তি প্রাপ্তির জন্য আশ্রয় করিলাম,

যেহেতু আমি তোমার সেই প্রকাশ-দর্শনেচ্ছু বা প্রীতিপ্রাপ্তির ইচ্ছুক হইয়াছি। ৩২

কৌতুকপ্রদ হেমন্তকালে তুমি ধীরে ধীরে গোপকন্যাদের বস্ত্রহরণ পূর্ব্বক কদম্বোপরি পরিপাটী সহকারে স্থাপন করিয়া তাঁহাদের খেদনাশ করিয়াছে। তাহাতে তোমাকে পতিরূপে প্রাপ্তিজন্য তাঁহাদের যে মনোগ্লানি ছিল—তাহাও তুমি হরণ করিয়াছিলে। তুমি বহুবিধ সুখাস্বাদন করিতে করিতে শিশির-ঋতুও যাপন করিয়াছ। বসন্তকালে যেসকল পুষ্পের অঙ্কুররাজি মঙ্গলময়—যাহাদের আনন্দদায়ক বিকসোন্মুখ ক্রোড়মধ্যে ভ্রমরপংক্তি বিরাজমান এবং নিজ সৌরভে যাহারা সকলের বন্ধন (আকর্ষণ) কারক—সমীচীন-ব্যবসায়যুক্ত সেই পুষ্পরাশি দ্বারা তোমার মহামহোৎসব সাধিত হইয়াছে। গ্রীষ্মকালে প্রখরতর সূর্য্যের সম্যক্ উজ্জ্বল উত্তাপ-প্রাচুর্য্য-নিরসনকারী সুন্দর সুন্দর বনমধ্যে তুমি বহুবিধ ক্রীড়া করিয়া সুখাস্বাদন করিয়াছ। তথায় তুমি সখাগণের সহিত প্রশংসনীয় বহু বহু অদ্ভুত সুখকর খেলায় ব্যাপৃত থাক। সুন্দর তটদেশ-সমাযুক্ত সেই ভাণ্ডীর নামক প্রসিদ্ধ বটে তুমি সখাগণসহ অথবা গোগণ-সহ বিলাস করিয়াছ। তোমার নয়ন অতিসুন্দর এবং তুমি মৃদুমধুর হাস্যের শোভায় কুন্দকেও পরাজয় করিয়াছে। সখাদের অনুমোদনব্যঞ্জক বাক্যে যথোপযুক্ত কপট দ্বারা প্রাপ্ত মহা উদার স্বাগ্রজ বলদেব কর্ত্তৃক সম্যক্ প্রকারে শক্তি নাশ করতঃ তাঁহারই মুষ্টির আঘাতে মস্তক বিদীর্ণ করাইয়া তুমি প্রলম্বাখ্য অসুরকে বিনাশ করাইয়াছ, অথবা কটাক্ষমাত্রেই

প্রলম্বাসুর সখার বেশধারণরূপ কপটতা করিয়া উদার বলদেবকে স্কন্ধে বহন করিতে থাকিলে বলদেব কর্ত্তৃক তুমি তাহার সমস্ত শক্তি অপহরণ করাইয়া তাহার বিনাশসাধন করিয়াছ। তদনন্তর মুঞ্জাটবীতে মহাবনাগ্নি দর্শন করিয়া মিত্রগণ ভীত হইলে তুমি ঐ দাবাগ্নি পান করিয়াছ। বর্ষাকালে মেঘমালা জলধারা বর্ষণ করিতে দেখিয়া তুমি গুহামধ্যে পলায়ন করিয়া থাক। ইন্দ্র-গোপাদির বর্ণসংমিশ্রণ হেতু রঙ্গভূমিবৎ প্রতীয়মান ভূমিখণ্ডের সঙ্গ-হেতু স্থির শোভাবিশিষ্ট বন সমুহ নিরীক্ষণ করিয়া তুমি মহামহোৎসবানন্দ উপভোগ কর। লক্ষ লক্ষ তড়াগে ধবল-পক্ষ হংসাদি পক্ষিগণ যে সময়ে খেলা করে—সেই শরতের শোভা-রাশি দর্শনে স্পৃহাশীল হইয়া তুমি গৃহাদি বিষয়ে সব ভুলিয়া যাও। তদনন্তর নিখিলজনের উৎসবদায়ক হইয়া অর্থাৎ সকলের চিত্ত আকর্ষণ করিয়া তুমি গৃহাগমন করিয়া থাক। অন্যান্য ধ্বনির সহিত প্রধানভাবে বেণুধ্বনি দ্বারা তুমি যেখানে সেখানে স্থিত গোগণকে গৃহগমন জন্য আকর্ষণ কর এবং ধেনু-গণের পশ্চাদ্গামী হইয়া শোভা বিস্তার কর। ৩৩

(৮) মাতঙ্গখেলিত।

বেণুনাদ শ্রবণে ক্ষোভিতচিত্তা কোনও ব্রজদেবী বলিতেছেন—অহো! বেণুর কি ধৃষ্টতা!! এই বেণু দেবীগণের বিমান শ্রেণীকে দূর হইতে আকর্ষণ করে। অহো! তোমার মাধুরীরই বা কি স্বভাব!! ঐ মাধুর্য্যই আবার বিমান হইতে পতনোন্মুখী দেবীগণকে স্তম্ভন (গতিরোধ) করিয়া রাখে!! ৩৪

তুমি অম্বিকাবনে যাত্রা-প্রসঙ্গে ধন্য অর্থাৎ সর্ব্বকৃতার্থকারী অপরিমিত লীলাবিলাসাদি সম্পাদন করিয়াছ। [বৈস্থাদি ও স্ত্রীবেশ ধারণ পূর্ব্বক অম্বিকাবনে তুমি কান্তাদিগরে সহিত বিহার করিয়াছ।] তত্রত্য মহাসর্প নন্দবাবাকে গ্রাস করিতে থাকিলে তুমি তাহাকে হত্যা করিয়াছ—সেই অজগর তখন সর্পদেহ ত্যাগানন্তর 'সুদর্শন' নামক গন্ধর্ব্বদেহ ধারণ করতঃ নানাপ্রকারে তোমার স্তুতিমালা পাঠ করিয়াছিল। [তুমি তথা হইতে ব্রজে আসিয়াছ] হোরিকা সম্পর্কে যে রঙ্গমঞ্চ প্রস্তুত হইয়াছিল— তাহাতে একদিন গোপিকা সঙ্গে তুমি মহা আসক্ত হইয়াছিলে। তখন হঠাৎ খেলাভঙ্গ করিয়া নারী গণের মহাতঙ্কের সৃষ্টি করতঃ শঙ্খচূড় নামক অসুর প্রধাবিত হইলে তুমি তাহার মস্তক শঙ্খবৎ বিদারণ করিয়া তাহার পাপনাশ পূর্ব্বক পবিত্র করিয়াছ। ৩৫

তুমি গোচারণে সম্যক্ প্রণিধান করিয়া আনন্দ লাভ করিতেছিলে। তৎকালে ভাবিনী গোপীদিগের মঙ্গলপ্রদ গীতিকা দ্বারা সম্যক্ কম্প উৎপাদনকারিণী লীলার অথবা সম্যক্ স্তম্ভনকারিণী লীলার তুমিই আদি কারণ। ভগবদ্‌বৈরিত্ব হেতু সর্ব্বপ্রকারেই মূর্খ অসুরগণের সর্ব্বসুখনাশক ভয়প্রদ ব্যাপার-সমূহের নিরন্তর নিরর্গল চেষ্টা দ্বারা অরিষ্ট নামক বৃষাসুরকেও বধ করিয়া তুমি স্বভক্তগণের ক্লেশ বিদূরিত করিয়াছ; অতএব শিষ্ট অর্থাৎ ভক্তগণ কর্ত্তৃক বর্ণনীয় ও অন্বিষ্যমান হইয়াছ। ৩৬

অরিষ্টকে রিষ্ট অর্থাৎ নষ্ট [অথবা মারণান্তর মুক্তি প্রদানে তাহার মঙ্গল] করিয়া যিনি আনন্দিত জ্ঞাতিগণের প্রার্থনা-বিশেষের মাধুর্য্যে আমোদিত হইয়া গোষ্ঠে আগমন করিলেন এবং

তখন যাঁহার উদ্দেশ্যে জয়ধ্বনি উত্থিত হইয়াছিল—সেই গোপীজন-বল্লভই সর্ব্বোৎকর্ষের সহিত বিরাজমান থাকুন। ৩৭

[অন্যান্যলীলা সংক্ষেপে বর্ণনা করিয়া উপসংহার করিতেছেন]—যিনি অসুর-বিনাশের দ্বারাই জগতে প্রসিদ্ধ হইয়াছেন—যিনি মহাসুর কংসকেও ধ্বংস করিয়াছেন—যিনি সুধী অর্থাৎ সাধারণ ভক্তদিগের সংসার নাশ করিয়া পরম মঙ্গলদান করিয়াছেন, অথবা পরমভক্ত যাদবগণকে কংসবধের পরে নিজগৃহে আনয়ন হইতে আরম্ভ করিয়া অপ্রকট ধাম প্রাপ্তি পর্য্যন্ত সকল প্রকার মঙ্গল প্রদান করিয়াছেন, অথবা পরমভক্ত-শিরোমণি ব্রজস্থ নন্দ মহারাজ প্রভৃতির [দন্তবক্র বধের পরে ব্রজে আগমন পূর্ব্বক] নিজ বিরহ দুঃখ নাশ করিয়া অপ্রকটধাম প্রাপ্তিরূপ মঙ্গল দান করিয়াছেন—যিনি বিবিধ কীর্ত্তিরূপ প্রভার আকর, যাঁহার ব্রজস্থ চরণস্পৃষ্ট রজঃ বিধি (ব্রহ্মা) প্রভৃতি দেবগণ বাঞ্ছা করেন—যিনি ব্রজে গোপ-বংশজ এবং পুরে যদুবংশজ বলিয়া অভিমান করেন (অর্থাৎ যিনি দন্তবক্রে বধের পরে ব্রজে আগমন করতঃ অত্রত্য পরিকর-গণের সহিত গোপজাতি অভিমান করেন এবং তৎপরে অপ্রকট-ধামে নিত্য বিহার করেন)—সেই বংশপ্রিয় [বা বংশীপ্রিয়] শ্রীকৃষ্ণ আমাদের সর্ব্বেন্দ্রিয়ে স্ফুর্ত্তি প্রাপ্ত হউন—এই প্রার্থনা ॥ ৩৮

শ্রীশ্রীমদ্ গুরবে সমর্পণমস্তু।

মন্তব্য।

শ্রীগোপাল-বিরুদাবলীর মূলে ৫২পৃষ্ঠায় ৩৫ অঙ্কের নীচে যে তারকা-চিহ্ন দেওয়া আছে, তাহার তাৎপর্য্য এই যে বিরুদের লক্ষণানুযায়ী ঐস্থানে একটি শ্লোক হওয়া উচিত ছিল। কিন্তু দুইখানা পুঁথিতে বা টীকাতে কোনও উল্লেখ নাই দেখিয়া ঐ স্থানটি চিহ্নিত করাই রহিল।

অন্যান্য প্রকাশিত দুর্লভ গ্রন্থাবলী

শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতী কৃত—

১। শ্রীবৃন্দাবন মহিমামৃতম্ [১৭ শতক]

শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামি কৃত—

২। দানকেলি চিন্তামণিঃ

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি কৃত—

৩। চমৎকার-চন্দ্রিকা

৪। সুরত-কথামৃতম্

৫। নিকুঞ্জকেলি বিরুদাবলী [যন্ত্রস্থ]

অপ্রকাশিত গৌড়ীয় বৈষ্ণব গ্রন্থাবলী

শ্রীশ্রীজীব গোস্বামি কৃত—

১। "শ্রীমাধবমহোৎসবকাব্যং"

২। "রসামৃতশেষঃ"

শ্রীমন্ নৃসিংহ গোস্বামি কৃত—

৩। "শ্রীচৈতন্য-মহাভাগবতং"

শ্রীল কবিকর্ণপূর গোস্বামি কৃত—

৪। শ্রীকৃষ্ণাহ্নিক-কৌমুদী ৫। আর্য্যা শতকম্

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি কৃত— ৬। ঐশ্বর্য্য-কাদম্বিনী

শ্রীল বলদেব বিদ্যাভূষণ কৃত—

৭। পদ-কৌস্তভঃ ৮। ছন্দঃ কৌস্তভঃ

শ্রীরঘুনন্দন গোস্বামি কৃত—

৯। শ্রীগৌরাঙ্গচম্পূ ১০। শ্রীগৌরাঙ্গ-বিরুদাবলী